ত্রৈমাসিক মানবাধিকার প্রতিবেদন

জুলাই-সেপ্টেম্বর ২০২৬

প্রকাশকঃ অধিকার
প্রকাশকালঃ ৩১ অক্টোবর ২০২৬

মুখবন্ধ

১০ অক্টোবর *অধিকার* ৩২ বছরে পর্দাপন করেছে। ১৯৯৪ সালের এই দিনে সামরিক স্বৈরশাসক লেফট্যানেন্ট জেনারেল হুসেইন মুহাম্মদ এরশাদ এর অবৈধ শাসনের বিরুদ্ধে সংগ্রামে অংশ নেয়া কয়েকজনের প্রচেষ্টায় মানবাধিকার কর্মীদের সংগঠন *অধিকার* প্রতিষ্ঠিত হয়।

অধিকার তার ৩২তম প্রতিষ্ঠা বার্ষিকীতে বিশ্বব্যাপি মানবাধিকার লঙ্ঘনের শিকার ব্যক্তিদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে এবং পৃথিবীর বিভিন্ন দেশে স্বৈরাচারী শাসনব্যবস্থার বিরুদ্ধে এবং আত্মনিয়ন্ত্রণাধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে নিয়োজিত জনগণের সঙ্গে একাত্মতা প্রকাশ করছে। গত ৩২ বছর ধরে *অধিকার* তার পাশে দাঁড়ানো সমস্ত মানবাধিকারকর্মী, আন্তর্জাতিক সংস্থা, স্থানীয় নেটওয়ার্ক, সমর্থক এবং শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছে।

প্রতিষ্ঠার পর থেকেই *অধিকার* সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায় বিচারের ভিত্তিতে একটি গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের জন্য সংগ্রাম চালিয়ে যাচ্ছে এবং জনগণের নাগরিক, রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে দেশের মানবাধিকার পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি বিএনপি ক্ষমতা গ্রহণের পর সরকারের অনেক কর্মকাণ্ডই জুলাই গণঅভ্যুত্থানের চেতনার সঙ্গে সাংঘর্ষিক। ফলে অবধারিতভাবে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটছে।

অধিকার এর এই রিপোর্টে ২০২৬ সালের জুলাই-সেপ্টেম্বর মাসের পরিস্থিতি তুলে ধরেছে। *অধিকার* এর মূল লক্ষ্য হলো মানবাধিকার লঙ্ঘনের বিষয়গুলো তুলে ধরে রাষ্ট্রকে এই ধরনের লঙ্ঘন থেকে বিরত থাকতে সতর্ক করা। *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন জেলার মানবাধিকার কর্মীদের পাঠানো প্রতিবেদন এবং বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে এই প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। প্রতিবেদনটি প্রকাশের সময় পর্যন্ত *অধিকার* এর সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রতিবেদনের সময়কালে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির একটি সারসংক্ষেপ এই প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে।

সূচিপত্র

অধিকার এর মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান : জানুয়ারি - সেপ্টেম্বর ২০২৬ ..... ১
প্রতিবেদনের সারসংক্ষেপ ২
সেকশন ক: রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, নতুন আইন এবং মানবাধিকার ৭
গুম প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৬ ..... ৭
জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬ ..... ৮
র‍্যাব এর পরিবর্তে করে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) ৯
সেকশন-খ: নিরাপত্তা বাহিনী কর্তৃক মানবাধিকার লঙ্ঘন ৯
গুম ৯
আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন ও মৃত্যু, মর্যাদাহানীকর আচরণ ও জবাবদিহিতার অভাব ১০
থানা হেফাজতে মৃত্যু ১৩
সেকশন গ: রাষ্ট্রীয় নিপীড়ন এবং নিবর্তনমূলক আইন ১৩
মতপ্রকাশের স্বাধীনতা লঙ্ঘন ১৩
সংবাদ মাধ্যমের স্বাধীনতা ১৫
সভা-সমাবেশের অধিকার লঙ্ঘন ১৮
সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬ ..... ১৯
সেকশন ঘ: অন্যান্য মানবাধিকার লঙ্ঘন ২০
মৃত্যুদণ্ডের বিধান ২০
কারাগার ও কারাবন্দিদের মানবাধিকার ২১
বন্দিদের হাতকড়া বা ডান্ডবেড়ি ব্যবহার ২৩
সেকশন ঙ: রাজনৈতিক সহিংসতা ও অন্যান্য ২৩
রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তায়ন ২৩
বিএনপির অভ্যন্তরীণ কোন্দল ২৫
আওয়ামী লীগের সহিংসতা ও দুর্বৃত্তায়ন ২৬
অন্যান্য দলের মধ্যে সংঘাত, সহিংসতা, দুবৃর্ত্তায়ন এবং দলের অভ্যন্তরীণ কোন্দল ২৭
গণপিটুনি দিয়ে হত্যা ও সহিংসতা ২৮
সেকশন চ: নারীর অধিকার ২৯
নারীর বিদেশ যাত্রায় বাধা ২৯
নারী ও শিশুর ওপর সহিংসতা ৩০
ধর্ষণ ৩০
যৌন হয়রানি/উত্যক্তকরণ ৩১
যৌতুক সহিংসতা ৩২
সেকশন ছ: শ্রমিকদের অধিকার ৩২
আনুষ্ঠানিক খাতে নিয়োজিত শ্রমিকদের অবস্থা ৩২
অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত শ্রমিকদের অবস্থা ৩৩
সেকশন জ: বাংলাদেশ-ভারত সম্পর্ক ৩৪
বিএসএফ কর্তৃক হত্যা ও নির্যাতন ৩৫
অবৈধ পুশইন ৩৬
সেকশন ঝ: সুপারিশসমূহ: ৩৭

অধিকার এর মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান : জানুয়ারি - সেপ্টেম্বর ২০২৬												
মানবাধিকার লঙ্ঘনের ধরন		অন্তর্বর্তীকালীন সরকার		বিএনপি সরকার								
		জানুয়ারি	ফেব্রুয়ারি (১-১৭)	ফেব্রুয়ারি (১৮-২৮)	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	মোট
বিচারবহির্ভূত হত্যাকাণ্ড	নির্যাতনে মৃত্যু	২	১	০	০	০	০	১	০	১	১	**৬**
	পিটিয়ে হত্যা	১	০	০	০	১	০	০	০	০	০	**২**
	গুলিতে নিহত	০	০	০	০	০	১	১	০	০	০	**২**
	মোট	**৩**	**১**	**০**	**০**	**১**	**১**	**২**	**০**	**১**	**১**	**১০**
গুম		০	০	০	০	১	০	০	০	১	০	**২**
কারাগারে মৃত্যু		৭	৩	৪	৭	২	৭	৭	৫	৩	২২	**৬৭**
মৃত্যুদণ্ডাদেশ		২৪	৯	৩	৯	৩৫	১৯	১৬	২৯	৩১	২৫	**২০০**
বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন	বাংলাদেশী নিহত	১	০	০	০	২	৪	০	১	২	১	**১১**
	বাংলাদেশী আহত	১	০	০	১	১	০	২	০	২	৪	**১১**
	পুশ ইন	১৭	০	০	০	০	১০	০	১৭	১২	০	**৫৬**
	মোট	**১৯**	**০**	**০**	**১**	**৩**	**১৪**	**২**	**১৮**	**১৬**	**৫**	**৭৮**
সাংবাদিকদের ওপর আক্রমণ	আহত	৩	২	৭	১৮	৩	০	১০	১০	৬	৬	**৬৫**
	লাঞ্ছিত	০	১	০	৩	৫	০	০	২	৫	৬	**২২**
	হুমকি	১	১	০	০	২	১	৪	৪	১০	২	**২৫**
	মামলা	০	০	০	৯	১১	০	৬	২	০	০	**২৮**
	অপহরণ	০	২১	০	০	০	০	০	০	০	০	**২১**
	আক্রমণ	০	০	০	০	০	৩	১	০	০	১	**৫**
	গ্রেপ্তার	০	০	০	০	০	০	০	১	০	০	**১**
	নির্যাতন	০	০	০	০	০	০	০	০	১	০	**১**
	বিবিধ	০	০	০	০	০	০	১	০	০	০	**১**
	মোট	**৪**	**২৫**	**৭**	**৩০**	**২১**	**৪**	**২২**	**১৯**	**২২**	**১৫**	**১৬৯**
রাজনৈতিক সহিংসতা	নিহত	১০	১	৭	২০	১৫	১০	১৯	১০	৯	৮	**১০৯**
	আহত	২৬১	১২	৭১	৩৮১	৪২৯	২২৬	৩২২	২০৩	৪৭২	৪১৫	**২৭৯২**
	মোট	**২৭১**	**১৩**	**৭৮**	**৪০১**	**৪৪৪**	**২৩৬**	**৩৪১**	**২১৩**	**৪৮১**	**৪২৩**	**২৯০১**
নির্বাচনী সহিংসতা	নিহত	৩	৬	০	৪	০	০	০	০	০	০	**১৩**
	আহত	৩৭৫	৮২৩	৮১	৮৯	০	০	০	০	০	০	**১৩৬৮**
	মোট	**৩৭৮**	**৮২৯**	**৮১**	**৯৩**	**০**	**০**	**০**	**০**	**০**	**০**	**১৩৮১**
নারীর ওপর যৌতুক সহিংসতা	নিহত	১	০	০	৩	৪	৫	১	৩	৩	২	**২২**
	শারিরীক সহিংসতা	২	১	৩	৭	৩	৫	২	৭	২	৫	**৩৭**
	আত্মহত্যা	০	০	০	০	০	১	২	২	১	১	**৭**
	মোট	**৩**	**১**	**৩**	**১০**	**৭**	**১১**	**৫**	**১২**	**৬**	**৮**	**৬৬**
ধর্ষণ	মেয়ে শিশু (১৮ বছরের নিচে)	২৩	১০	৬	২৪	৪২	৬০	৭৩	৫৫	৪১	৫৪	**৩৮৮**
	প্রাপ্ত বয়স্ক নারী	২০	৫	৮	২২	৪৯	২৭	২৩	৩৪	২৩	১৬	**২২৭**
	বয়স জানা যায়নি	০	০	০	১	০	১	০	০	০	০	**২**
	মোট	**৪৩**	**১৫**	**১৪**	**৪৭**	**৯১**	**৮৮**	**৯৬**	**৮৯**	**৬৪**	**৭০**	**৬১৭**
স্টকিং		৪	১	১	২	০	৫	১৪	২	৪	৪	**৩৭**
গণপিটুনিতে মৃত্যু		৬	২	৩	৮	৮	১৩	১২	৯	৯	৪	**৭৪**

প্রতিবেদনের সারসংক্ষেপ

১. এই প্রতিবেদনে ২০২৬ সালের জুলাই-সেপ্টেম্বর মাস পর্যন্ত সময়ে মানবাধিকার পরিস্থিতির ওপর আলোকপাত করা হয়েছে। এতে অন্তর্ভূক্ত করা হয়েছে গণতন্ত্র ও বাক্ স্বাধীনতা হরণ এবং রাজনৈতিক ও জীবনের অধিকার থেকে জনগণকে বঞ্চিত করার মতো বিষয়গুলো।

২. বিরোধীদলের ওয়াকআউটের পরও বিএনপি সরকার গুম প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৬ জাতীয় সংসদে পাশ করেছে। এই আইনে শৃঙ্খলা বাহিনী বা তার কোনো সদস্যের বিরুদ্ধে অভিযোগের তদন্ত করার জন্য কোন নিরপেক্ষ সংস্থার হাতে তদন্তভার অর্পণ করা হয়নি। আইনের ১৪(৩) ধারা অনুযায়ী শৃঙ্খলা বাহিনীর বিরুদ্ধে অভিযোগের তদন্ত অভিযুক্ত বাহিনী ব্যতিরেকে অন্য কোনো বাহিনী বা আন্ত:বাহিনীর তদন্ত দলের কাছে অর্পণ করতে পারবে। কিন্তু প্রকৃতপক্ষে এর মাধ্যমে কখনোই সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত করা সম্ভব হবে না, কারণ দেশের আইন প্রয়োগকারী সংস্থা এবং নিরাপত্তা বাহিনীগুলোকে সরকার রাজনৈতিকভাবে ব্যবহার করার ইতিহাস রয়েছে এবং তাদের তদন্ত প্রায়শই: পক্ষপাতদুষ্ট বলে প্রতিভাত হয়েছে। এছাড়া আইনের ২১ ধারা অনুযায়ী তদন্তের ভিত্তিতে অভিযোগটি যদি আদালতে মিথ্যা বিবেচিত হয়, তবে অভিযোগকারীর ৫ বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড হতে পারে। ফলে ভুক্তভোগী এবং তাঁদের পরিবার আইনের দ্বারস্থ হতে নিরুৎসাহী হবেন এবং গুমের ঘটনা নতুন করে শুরু হবে। ইতিমধ্যে **কোস্টগার্ড**, গোয়েন্দা পুলিশের মধ্যে আবারও গুম করার প্রবণতা দেখা দিয়েছে যা উদ্বেগের।[1]

৩. বিরোধীদলের ওয়াকআউটের পরও জাতীয় সংসদে বিএনপি সরকার জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬ পাশ করে। কিন্তু সরকারের প্রণীত জাতীয় মানবাধিকার কমিশন আইনে প্যারিস নীতিমালা অনুসরণ করা হয়নি। ফলে ফ্যাসিবাদী হাসিনার শাসনামলের মতোই জাতীয় মানবাধিকার কমিশনকে সরকারের আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত হওয়ার ঝুঁকি থেকে যাচ্ছে। প্যারিস নীতিমালা অনুযায়ী কমিশনের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তদন্ত করার ক্ষমতা থাকতে হবে এবং যেকোনো বক্তব্য গ্রহণ ও যেকোনো তথ্য সংগ্রহ করতে সক্ষম হতে হবে। কিন্তু নতুন আইনের ১৯ ধারা অনুযায়ী কমিশন শৃংখলা বাহিনী বা তার কোন সদস্য কর্তৃক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ নিজ উদ্যোগে তদন্ত করতে পারবে না। প্যারিস নীতিমালায় জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য নিয়োগের বিষয়ে অত্যন্ত স্পষ্ট নির্দেশনা থাকলেও তা মানা হয়নি।

৪. সরকার সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬ খসড়া প্রস্তুত করেছে। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও প্রযুক্তি বিভাগ ইতিমধ্যে আইন সংশোধনের খসড়া প্রকাশ করেছে। প্রস্তাবিত আইনে এমন কিছু বিধান রাখা হয়েছে, যা নাগরিকের মৌলক অধিকার, বাক স্বাধীনতা ও স্বাধীন মতপ্রকাশের ওপর ব্যাপক

১ ফুটপাত থেকে ব্যবসায়ীকে তুলে নিয়ে ২ দিন পর 'অস্ত্র-গুলিসহ' আটক দেখাল পুলিশ, এশিয়া পোস্ট ৫ সেপ্টেম্বর ২০২৬; https://www.asia-post.com/ap-special/ap7b5mhpsgkm- এবং অধিকার এর সংগৃহীত তথ্য।

ঝুঁকি তৈরি করতে পারে।[২] খসড়া আইনের বিভিন্ন ধারায় সুস্পষ্ট ব্যাখার ঘাটতি অনেক ক্ষেত্রেই ক্ষমতাসীনদের মর্জিমাফিক হওয়ায় অপব্যবহারের সুযোগ থাকবে এবং ভিন্নমত ও বাক স্বাধীনতা ব্যাপক হুমকির মুখে পড়বে।

৫. *হাসিনার শাসনামলে বিএনপির নেতৃত্ব প্রতিশ্রুতি দিয়েছিল যে, ক্ষমতায় আসলে র‍্যাব বিলুপ্ত করবে। কিন্তু ক্ষমতায় আসার পর বিএনপি র‍্যাব বিলুপ্তির অজুহাতে 'স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) নামে একটি ইউনিট গঠনের জন্য জাতীয় সংসদে বিল পাশ করে। নবগঠিত এসআরবি কার্যত র‍্যাবের মতোই একটি বাহিনী হিসেবে আভির্ভুত হয়েছে এবং র‍্যাবের প্রাতিষ্ঠানিক ধারাবাহিকতার প্রায় সব একই থাকছে এই এসআরবিতে।*[৩]

৬. বাংলাদেশের দুর্বল ফৌজদারী বিচার ব্যবস্থা যে কোন নিদোর্ষ ব্যক্তিকে মৃত্যুদণ্ডের মুখোমুখি করতে পারে। এরফলে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে অনেক বছর ধরে কনডেমড সেলে মৃত্যুর প্রহর গুণতে হয়। বিকল্প সাজা দেয়ার বিধান থাকা সত্ত্বেও এই সময়ে নিম্ন আদালতগুলো ব্যাপকসংখ্যক মৃত্যুদণ্ড প্রদান করেছে। এই সময়ে রমজান নামে এক ব্যবসায়ীকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত।

- একটি নাম জালিয়াতির ঘটনায় একজন নির্দোষ ব্যক্তির মৃত্যুদণ্ড কার্যকর হওয়ার ঝুঁকি তৈরি হয়; যার মাধ্যমে তদন্ত প্রক্রিয়ার দুর্বলতাগুলো প্রকাশ পায়। রমজান নামে এক ব্যক্তি ইয়াবাসহ গ্রেপ্তার হলে পুলিশকে নিজের পরিচয়ের পরিবর্তে তার পরিচিত সোনা মিয়ার নাম ও ঠিকানা প্রদান করে। এরফলে সোনা মিয়াকে আসামি হিসেবে চিহ্নিত করে মৃত্যুদণ্ড দেয়া হয়।[৪] গ্রেপ্তারের প্রায় দুই মাস পর কক্সবাজার জেলা কারাগার থেকে সোনা মিয়া মুক্তি পান।[৫]

৭. এই সময়ে সারা দেশের কারাগারগুলাতে ধারণক্ষমতার অতিরিক্ত বন্দি ছিল; যা বিগত ৫ বছরের মধ্যে ছিল সর্বোচ্চ। কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মী এবং বিভিন্ন মামলায় অনেক অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করার কারণে কারাগারগুলোতে বন্দি সংখ্যা ধারণক্ষমতার চেয়ে আড়াই গুণের বেশী ছিল। সারা দেশে ৭৫টি কারাগারের ধারণক্ষমতা ৪৩,১৫৭। কিন্তু ১৩ সেপ্টেম্বর পর্যন্ত মোট বন্দি ছিল ১০৫জন। ১০২,[৬] এছাড়া বাংলাদেশের কারাগারগুলোতে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে।[৭] কারাগারে বন্দিকে নির্যাতন করে হত্যার অভিযোগ

---

২ ডিজিটাল নিরাপত্তার মতোই হচ্ছে সাইবার সুরক্ষা আইন , সমকাল ১৪ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/bangladesh/article/372681/

৩ https://www.prothomalo.com/politics/68iolyunwm

৪ রমজানের অপরাধে সাজা খাটছেন সোনা মিয়া, আমার দেশ ১৪ অগাস্ট; ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/chattogram/amdchy0zqkr8m

৫ অবশেষে জামিনে মুক্তি পেলেন মৃত্যুদণ্ডপ্রাপ্ত সেই সোনা মিয়া, ডিদ ডেইলি স্টার, ১৪ অগাস্ট ২০২৬; https://bangla.thedailystar.net/news/bangladesh/news-3952241

৬ কারাগারে বন্দিমৃত্যু বাড়ছে চিকিৎসা সংকট, আমার দেশ ১৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/special-report/amdamq44frp2s

৭ চুয়াডাঙ্গা জেলা কারাগারে অর্থ আদায়ের সিন্ডিকেট, নয়াদিগন্ত ১৯ জুলাই ২০২৬; https://dailynayadiganta.com/printed-edition/WBv7WOl3e9rD

পাওয়া গেছে।[৪] কারাগারগুলোতে বন্দিদের মৃত্যুর ঘটনা অনেক বেড়েছে, যা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে।[৯]

৮. ফ্যাসিবাদী হাসিনার শাসনমালে আইন প্রয়োগকারী সংস্থা ও কারাগার কর্তৃপক্ষ ভিন্নমতাবলম্বীদের শায়েস্তা করার জন্য তাঁদের কারাগারের অভ্যন্তরে ডান্ডাবেড়ি পরিয়ে রাখতো। এছাড়া চিকিৎসাধীন বন্দিকেও হাসপাতালে ভর্তির পর অথবা মুমূর্ষু বন্দিকে ডান্ডাবেড়ি পরিয়ে রাখা হতো। এই ধরনের ঘটনা নজরে এলে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ২০১৮ সালে এক রায়ে বলেন, কারাবন্দি অসুস্থ রোগীকে হাসপাতালে থাকাবস্থায় হাতকড়া ও ডান্ডাবেড়ী পরানো যাবে না। আসামী হলেও তাঁর মানবাধিকার রক্ষা করতে হবে।[১০] বর্তমানেও কারাবন্দি অসুস্থ রোগীদের হাতকড়া ও ডান্ডাবেড়ি পরানোর রীতি বহাল রয়েছে।

৯. এই তিন মাসে মতপ্রকাশের স্বাধীনতা বাধাগ্রস্ত হয়েছে। ফেসবুকে সরকার বা সরকার প্রধানের বিরুদ্ধে সমালোচনামূলক বক্তব্য ও 'অশালীন' ভাষা ব্যবহার করার অভিযোগে গ্রেপ্তার করে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দেয়া হয়েছে।

১০. এই তিন মাসে সংবাদ সংগ্রহ এবং প্রকাশের জেরে সাংবাদিকদের বিরুদ্ধে মামলা, হামলা, নির্যাতন ও হুমকিসহ বিভিন্ন ধরণের নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্তরা ছিলেন সরকারি কর্মকর্তা,[১১] বিএনপি'র নেতাকর্মী[১২] ও পুলিশ।[১৩] এই সময়ে সারা দেশের বিভিন্ন জায়গায় ছাত্রদল ও ছাত্রশিবিরের[১৪] এবং বিএনপি ও জামায়াতে ইসলামের নেতাকর্মীদের[১৫] মধ্যে সংঘর্ষের ঘটনার সংবাদ সংগ্রহ করতে যেয়ে সাংবাদিকরা হামলার শিকার হয়েছেন। এই সময়ে তাঁদের ওপর হামলার প্রতিবাদে সাংবাদিকরা মানববন্ধন কর্মসূচি পালন করেন।[১৬]

১১. এই সময়ে বিরোধী রাজনৈতিক দলের সভা-সমাবেশ বাধাগ্রস্ত হয়েছে। বিএনপি নেতাকর্মী কর্তৃক সমাবেশে হামলার ঘটনা ঘটেছে। এই সমস্ত ঘটনার সংবাদ সংগ্রহ করতে যেয়ে সাংবাদিকরাও হামলার শিকার হয়েছেন।[১৭]

---

৮ অধিকার এর সঙ্গে সংশ্লিষ্ট কক্সবাজারের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন

৯ কারাগারে বন্দিমৃত্যু বাড়ছে চিকিৎসা সংকট, আমার দেশ ১৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/special-report/amdamq44frp2s

১০ সমকাল, ৯ অগাস্ট ২০২৬; https://samakal.com/bangladesh/article/366819/

১১ সাভারে সাংবাদিককে শারীরিক নির্যাতন ক্যামেরা ভাঙচুর, যুগান্তর ৯ জুলাই ২০২৬; https://www.ntvbd.com/bangladesh/news-1767841

১২ গাজীপুরে সাংবাদিকের ওপর হামলা, যুবদল নেতার বিচার দাবিতে মানববন্ধন, নয়াদিগন্ত ৫ জুলাই ২০২৬; https://www.dailynayadiganta.com/printed-edition/jEAYAvitbROm

ওসির সামনে দুই সাংবাদিকের ওপর কৃষক দল নেতার হামলা, যুগান্তর ১৮ জুলাই ২০২৬; https://www.jugantor.com/country-news/1128511

১৩ নারীকে হেনস্তার ভিডিও করায় সাংবাদিককে পুলিশ ভ্যানে তুলে নির্যাতন, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/capital/amdbj6wodmhb3

১৪ ছাত্রদল-শিবির সংঘর্ষে দুই সাংবাদিক আহত, আমার দেশ ৪ অগাস্ট; https://www.dailyamardesh.com/education/campus/amdaqecc8j2yh

১৫ জাজিরায় জামায়াতের কর্মসূচিতে বিএনপির হামলা, ভিডিও করায় সাংবাদিককে মারধর, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd2te0xo8cip

১৬ সাংবাদিকের ওপর বিএনপি ও ছাত্রদল নেতাকর্মীর হামলা, প্রতিবাদে মানববন্ধন, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/rangpur/amdeky1huzn3u

১৭ জাজিরায় জামায়াতের কর্মসূচিতে বিএনপির হামলা, ভিডিও করায় সাংবাদিককে মারধর, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd2te0xo8cip

১২. জুলাই-সেপ্টেম্বর এই তিন মাসে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে দুর্বৃত্তায়ন[18] ও সহিংসতার ব্যাপক অভিযোগ পাওয়া গেছে। বিভিন্ন স্বার্থসিদ্ধির কারণে বিএনপি'র অন্তর্দলীয় কোন্দলেও ব্যাপক হতাহতের ঘটনা ঘটেছে।[19] এই সময়ে বিএনপির নেতার বিরুদ্ধে হত্যাকারী ভাড়া করে নিজ দলীয় কর্মীকে হত্যা করার অভিযোগ পাওয়া গেছে।[20]

১৩. আওয়ামী লীগ এবং এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের যাবতীয় কর্মকাণ্ড নিষিদ্ধ হলেও আওয়ামী লীগের নেতাকর্মীরা সারা দেশে বোমা বিস্ফোরণসহ নানা অরাজকতা সৃষ্টি করেছে।[21] এই সময়ে কুমিল্লায় আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দলে এক ব্যক্তি[22] নিহত হয়েছেন। এছাড়া আওয়ামী লীগের নেতাকর্মীদের বিরুদ্ধে ধর্ষণ[23], পুলিশের কাছ থেকে যুবলীগ নেতাকে ছিনিয়ে নেয়া[24], শিক্ষককে তুলে নিয়ে মারধর[25], হুমকি দিয়ে জুলাই আন্দোলনে শহীদ পরিবারকে এলাকা ছাড়া করা[26], জমি দখল[27] সহ বিভিন্ন দুর্বৃত্তায়ন ও সহিংসতার অভিযোগ পাওয়া গেছে।

১৪. এই তিন মাসে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের সঙ্গে জামায়াতে ইসলামী, ইসলামী ছাত্রশিবির[28] এবং জাতীয় নাগরিক পার্টির নেতাকর্মীদের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এছাড়া অন্যান্য দলের অভ্যন্তরীণ কোন্দলে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই সময়ে সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে।[29]

১৫. ফৌজদারি বিচার ব্যবস্থার দুর্বলতার কারণে বিচার ব্যবস্থার প্রতি আস্থা না থাকায় এই সময়ে জনগণ আইন নিজের হাতে তুলে নেয়ায় গণপিটুনী দিয়ে মানুষ হত্যার ঘটনা ঘটেছে। অধিকাংশ ক্ষেত্রে চোর সন্দেহে গণপিটুনী দিয়ে মানুষ হত্যা করা হয়েছে।[30] অনেক সময় পারস্পরিক শত্রুতার কারণেও গণপিটুনী দিয়ে হত্যার ঘটনা ঘটেছে। এছাড়া ডাকাতি[31], ছিনতাই[32] এবং ছেলেধরা সন্দেহে[33] গণপিটুনী দিয়ে হত্যা করা হয়েছে।

---

১৮ বরিশালে ব্যবসায়ীকে লাঞ্ছিত করে চেক ও স্ট্যাম্পে সই নেন যুবদল নেতা, আমার দেশ, ৬ জুলাই ২০২৬; https://www.thedailystar.net/news/crime-justice/news/2-arrested-barishal-over-assault-forced-cheque-signing-4216326

১৯ https://www.jugantor.com/tp-city/1121592

২০ https://www.jugantor.com/tp-second-edition/1131924

২১ https://www.prothomalo.com/bangladesh/crime/in0iumsuxb

২২ https://samakal.com/whole-country/article/372602/

২৩ https://www.jugantor.com/country-news/1120616

২৪ https://samakal.com/whole-country/article/366763/

২৫ https://www.prothomalo.com/bangladesh/district/xhwj119ub2

২৬ https://www.dailyamardesh.com/july-revolution/amdmjltg6gxxk

২৭ https://www.jugantor.com/country-news/1135687

২৮ https://www.jugantor.com/tp-second-edition/1135873

২৯ https://samakal.com/politics/article/366336/

৩০ ঈশ্বরদীতে মুদি দোকানে চুরির অভিযোগে গণপিটুনিতে নিহত ১, নয়াদিগন্ত ৩ অগাস্ট ২০২৬; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/z12GEbldQNU4

৩১ মির্জাপুরে গণপিটুনীতে ডাকাত নিহত, যুগান্তর ১ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1134529

৩২ যাত্রবাড়িতে গণপিটুনীতে আহত যুবকের মৃত্যু, প্রথম আলো ২৪ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/crime/dj56oa7zpt

১৬. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতি[34] ও অনিয়ম[35] এবং মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ পাওয়া গেছে। অধিকাংশ ক্ষেত্রেই অভিযুক্ত আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা দায়মুক্তি ভোগ করছে। এই সময়ে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা সংস্থার হেফাজতে নির্যাতন ও অমানবিক আচরণের ঘটনাগুলো ঘটেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

- এই রিপোর্টকলীন সময়ে প্রাপ্তবয়স্ক তিন নারীকে বৈধ পাসপোর্ট, প্রয়োজনীয় কাগজপত্র, বিমানের টিকেট এবং হোটেল বুকিং থাকা সত্ত্বেও ইমিগ্রেশন কর্তৃপক্ষ নেপালে যেতে দেয়নি যা, বাংলাদেশের সংবিধানের ৩৬ অনুচ্ছেদ[36] এর লঙ্ঘন।[37]

১৭. জুলাই থেকে সেপ্টেম্বর এই গত তিন মাসে ধর্ষণ, যৌন হয়রানি, যৌতুক সহিংসতাসহ নারীর ও শিশুর প্রতি বিভিন্ন সহিংসতা ব্যাপকভাবে বিরাজমান ছিল। এরমধ্যে ধর্ষণের ঘটনা বেশী ঘটেছে এবং অধিকাংশ ঘটনার সঙ্গে রাজনৈতিক দলের নেতাকর্মীদের সম্পৃক্ততা পেয়েছে পুলিশ।[38] এই সময়ে ছেলে শিশু ধর্ষণেরও বেশকিছু ঘটনা রেকর্ড করা হয়েছে।

১৮. এই সময়ে ফরমাল এবং ইনফরমাল সেক্টরের শ্রমিকদের ব্যাপক মানবাধিকার লঙ্ঘন হয়েছে। সংশ্লিষ্ট আইন ও নীতিমালা না মানার ফলে শ্রমিকরা হতাহতের শিকার হয়েছেন।

- ঢাকার আশুলিয়ার জামগড়ে প্রিটি গ্রুপের একটি পোশাক কারখানায় আগুন লেগে ১ নারীসহ ৭ জন নিহত হন এবং ১৫ জন আহত হন।[39] চট্টগ্রামের সীতাকুণ্ডে ফেরদৌস স্টিল শিপব্রেকিং ইয়ার্ড ও রিসাইক্লিং নামের একটি জাহাজ ভাঙ্গা কারখানায় স্ক্র্যাপ জাহাজ কাটার সময় 'বিষাক্ত গ্যাসে' ৯ জন শ্রমিক মারা গেছেন এবং আহত হয়েছেন ৩০ জন।[40]

১৯. ভারতীয় শাসকগোষ্ঠী বাংলাদেশে রাজনৈতিক ও অর্থনৈতিক আগ্রাসন চালানোর জন্য বিভিন্ন তৎপরতা অব্যাহত রেখেছে। প্রতিবেদনকালীন এই তিন মাসেও ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ) সীমান্তে বাংলাদেশী নাগরিকদের হত্যা ও নির্যাতন করেছে। এছাড়া দ্বিপক্ষীয় প্রত্যাবাসন প্রক্রিয়া ও আন্তর্জাতিক আইন এবং মানবাধিকার লঙ্ঘন করে ভারতীয় শাসকগোষ্ঠী উস্কানীমূলকভাবে ভারতের অভ্যন্তর থেকে বাংলাভাষী মানুষদের বাংলাদেশে পুশইন করা[41] এবং সীমান্তে কাঁটাতারের বেড়া[42] ও সিমেন্টের খুঁটি[43] নির্মাণের চেষ্টা করেছে।[44]

---

৩৩ খুলনায় ছেলেধরা সন্দেহে যুবককে পিটিয়ে হত্যা, সমকাল ১৮ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/368447#google_vignette

৩৪ গাজীপুরে কৃষক লীগ নেতাকে আটকের পর টাকা নিয়ে ছেড়ে দেওয়ার অভিযোগ, প্রথম আলো ৪ জুলাই ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/syt6kwt4gj

৩৫ তদন্তের আগেই খুনের আসামিদের 'খালাস' , যুগান্তর ২৪ জুলাই ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1130875

৩৬ জনস্বার্থে আইনের দ্বারা আরোপিত যুক্তিসঙ্গত বাধানিষেধ-সাপেক্ষে বাংলাদেশের সর্বত্র অবাধ চলাফেরা, ইহার যে কোন স্থানে বসবাস ও বসতিস্থাপন এবং বাংলাদেশ ত্যাগ ও বাংলাদেশে পুনঃপ্রবেশ করিবার অধিকার প্রত্যেক নাগরিকের থাকিবে (Article 36, Constitution of the People's Repubic of Bangladesh: https://bdlaws.minlaw.gov.bd/act-367/section-24584.html)

৩৭ অবিবাহিত নারী বিদেশে গেলে পুলিশের কি সমস্যা, প্রথম আলো ১ অক্টোবর ২০২৬; https://www.prothomalo.com/opinion/column/6c3oa0rcl5

৩৮ বাড়ছে ধর্ষণ মামলা, মিলছে রাজনৈতিক সম্পৃক্ততা, আমারদেশ ২৯ সেপ্টেম্বর ২০২৬; https://bdtoday.net/national/142820

৩৯ সাভারে পোশাক কারখানায় অগ্নিকাণ্ডে নিহত ৭, আমার দেশ ২১ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd250ee94zgq

৪০ বিষাক্ত গ্যাসে '৯ শ্রমিকের মৃত্যু, প্রথম আলো ১৫ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/tp7swez638

৪১ কুমিল্লা সীমান্তে নারী শিশুসহ চারজনকে পুশইনের চেষ্টা, সমকাল ২৭ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/364644/ চুয়াডাঙ্গায় ভারতীয় নাগরিকসহ ৫ জনকে পুশইন, নয়াদিগন্ত ২০ অগাস্ট ২০২৬; https://dailynayadiganta.com/printed-edition/PzL4e6Kl4uHw

সেকশন ক: রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, নতুন আইন এবং মানবাধিকার

গুম প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৬

১. শেখ হাসিনার নেতৃত্বাধীন ফ্যাসিবাদি সরকার সাড়ে ১৫ বছর ক্ষমতায় থাকাকালীন রাষ্ট্রীয় নিপীড়নের হাতিয়ার হিসেবে গুমকে ব্যবহার করে। এই সময়ে বিরোধীদলীয় রাজনৈতিক নেতাকর্মী, ভিন্নমতাবলম্বীসহ সাধারণ নাগরিকরা গুম, নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডসহ ব্যাপক মানবাধিকার লঙ্ঘনের শিকার হন। গোপন বন্দিশালাগুলোতে ফ্যাসিবাদি ব্যবস্থার বিরোধীতাকারী এবং ভারতের স্বার্থের বিপক্ষে মূলত যাঁরা সোচ্চার ও প্রতিবাদী হতেন, তাঁদের গুম করে নির্যাতন করা হতো।

২. ২০২৪ সালের ৫ অগাস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্যে দিয়ে ফ্যাসিবাদি হাসিনা সরকারের পতন হয়। ৮ অগাস্ট ২০২৪ এ অন্তর্বর্তী সরকার ক্ষমতা গ্রহণের পর ২৯ অগাস্ট গুম হতে সকল ব্যক্তির সুরক্ষার জন্য আন্তর্জাতিক সনদ বাংলাদেশ অনুমোদন করে। এই সনদ অনুমোদনের ফলে গুমের বিরুদ্ধে বাংলাদেশের অভ্যন্তরীণ আইন প্রণয়নের বাধ্যবাধকতা তৈরি হয় এবং অন্তর্বর্তী সরকার 'গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, ২০২৫' জারি করে। কিন্তু ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে বিএনপি ক্ষমতায় এসে গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, ২০২৫ সংসদে পাশ না করায় অধ্যাদেশটি বাতিল হয়ে যায়।

৩. গত ৬ সেপ্টেম্বর 'গুম প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৬' নামে একটি নতুন বিল বিরোধীদলের ওয়াকআউটের পর একতরফাভাবে জাতীয় সংসদে পাশ করা হয়। এই আইনের ১৪(৩) ধারায় বলা হয়েছে শৃঙ্খলা বাহিনী বা তার কোনো সদস্যের বিরুদ্ধে অভিযোগের তদন্ত সংশ্লিষ্ট বাহিনী পরিচালনা করতে পারবে না এবং উক্ত ক্ষেত্রে সরকার উক্ত অভিযোগের তদন্তভার অভিযুক্ত বাহিনী ব্যতিরেকে অন্য কোনো বাহিনী বা আন্ত:বাহিনীর তদন্ত দলের কাছে অর্পণ করতে পারবে। কিন্তু এটি বাস্তবায়নযোগ্য নয়। কারণ পুলিশসহ যেকোনো শৃঙ্খলা বহিনী কর্তৃক গুমের তদন্ত পক্ষপাতদুষ্ট হবে। বাংলাদেশের আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সরকার রাজনৈতিকভাবে ব্যবহার করার ইতিহাস রয়েছে এবং তাদের তদন্ত প্রায়শই: পক্ষপাতদুষ্ট বলে প্রতিভাত হয়েছে। *অধিকার* এবং গুম সংক্রান্ত তদন্ত কমিশনের তথ্য অনুযায়ী দেখা গেছে গুমের ক্ষেত্রে এক বাহিনী আরেক বাহিনীর নামে মানুষকে তুলে নিয়ে যেত। সেক্ষেত্রে তদন্তের আগে কোন বাহিনী গুম করেছে সেটা কখনোই জানা সম্ভব হয় না। উল্লেখ্য, পূর্ববর্তী অন্তর্বর্তী সরকারের সময়ে

---

৪২ পাটগ্রাম সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের চেষ্টা বিএসএফের ,বন্ধ করলো বিজিবি, ইত্তেফাক ২১ জুলাই ২০২৬; https://www.ittefaq.com.bd/799731/

৪৩ পাটগ্রাম সীমান্তে বিএসএফের খুঁটি স্থাপনের চেষ্টা, রুখে দিল বিজিবি, ঢাকা পোস্ট ২১ জুলাই ২০২৬; https://www.dhakapost.com/country/468936

৪৪ নারীকে বাংলাদেশে ঠেলে পাঠানো, সরকারকে নোটিশ দিলেন ভারতীয় সুপ্রিম কোর্ট, জাগোনিউজ২৪, ১৮ সেপ্টেম্বর ২০২৬; https://www.jagonews24.com/international/news/1158633

জারি করা গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, ২০২৫ এ এই ধরনের মামলার তদন্তের দায়িত্ব জাতীয় মানবাধিকার কমিশনের ওপর ন্যস্ত করা হয়েছিল।

৪. অন্যদিকে এই আইনের ২১ ধারা অনুযায়ী তদন্তের মধ্য দিয়ে অভিযোগটি আদালতে মিথ্যা বিবেচিত হলে অভিযোগকারীর ৫ বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড হতে পারে। *অধিকার* মনে করে, এর ফলে বিচারহীনতার পথকে আরো প্রশস্ত করবে এবং ভুক্তভোগী ও তাঁদের পরিবার নিজেদের নিরাপত্তার স্বার্থে গুমের অভিযোগ দায়ের করা থেকে বিরত থাকবেন।

জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬

৫. বিরোধীদলের ওয়াক আউটের পর একতরফাভাবে বিএনপি জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬ জাতীয় সংসদে পাশ করে নেয়। সরকারের প্রণীত এই আইনের ফলে ফ্যাসিবাদী হাসিনার শাসনামলের মতোই জাতীয় মানবাধিকার কমিশনকে সরকারের আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত করার ঝুঁকি তৈরি করেছে। এই আইনে প্যারিস নীতিমালা অনুসরণ করা হয়নি। প্যারিস নীতিমালা অনুযায়ী কমিশনের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ তদন্ত করার ক্ষমতা থাকতে হবে এবং যেকোনো বক্তব্য গ্রহণ ও যেকোনো তথ্য সংগ্রহ করতে সক্ষম হতে হবে। আইনের ১৯ ধারা অনুযায়ী কমিশন শৃঙ্খলা বাহিনী বা তার কোন সদস্য কর্তৃক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ নিজ উদ্যোগে তদন্ত করতে পারবে না। *অধিকার* মনে করে, এর ফলে অতীতের মতোই শৃঙ্খলা বাহিনী কর্তৃক পরিচালিত তদন্ত নিরপেক্ষ এবং সুষ্ঠু হবে না এবং অভিযুক্ত বাহিনীর সদস্যরা দায়মুক্তি ভোগ করবে।

৬. প্যারিস নীতিমালায় জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য নিয়োগের বিষয়ে অত্যন্ত স্পষ্ট নির্দেশনা রয়েছে। কিন্তু আইনের ৭ ধারা অনুযায়ী গঠিত নয় সদস্যের এই বাছাই কমিটিতে জাতীয় সংসদের স্পিকার, সরকারের দুজন মন্ত্রী, সরকারদলীয় একজন সংসদ সদস্য এবং মন্ত্রীপরিষদ সচিবকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া এর বাইরে অন্য যে চারজন সদস্য রাখার বিধান রাখা হয়েছে, বাস্তবে তাঁদের মধ্যে তিন জনের মনোনয়নও সরকারের হাতে রয়েছে। কারণ এঁদের দুইজন রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত হবেন এবং একজন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত হবেন বলে এই আইনে উল্লেখ রয়েছে। এছাড়া বাছাই কমিটিতে আলাদাভাবে নারীর কোন প্রতিনিধিত্ব উল্লেখ করা হয়নি, যা বৈষম্যমূলক এবং প্যারিস নীতিমালার পরিপন্থী।

৭. এই আইনের কিছু ধারা স্বাধীন ও কার্যকর মানবাধিকার কমিশন প্রতিষ্ঠার লক্ষ্যে দীর্ঘদিনের জন-আকাঙ্খা ও জুলাই গণঅভ্যুত্থানের চেতনার পরিপন্থী এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্যারিস নীতিমালার মানদণ্ডের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ।

র‍্যাব এর পরিবর্তে করে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)

৮. *২০০৪ সালে ক্ষমতায় থাকার সময় বিএনপি কর্তৃক গঠিত র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) এর বিরুদ্ধে বিচারবর্হিভুত হত্যাকাণ্ডসহ ব্যাপক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ পাওয় যায়, যা আওয়ামী লীগ সরকারের আমলে ভয়াবহ আকার ধারণ করে। ফলে র‍্যাবের ওপর যুক্তরাষ্ট্র নিষেধাজ্ঞা জারি করে। এই প্রেক্ষাপটে নাগরিক সমাজ ও মানবাধিকার কর্মীদের সমালোচনার মুখে বিএনপি সরকার র‍্যাবকে বিলুপ্ত করলেও গত* ১৫ সেপ্টেম্বর স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) আইন, ২০২৬ সংসদে পাস করার মাধ্যমে র‍্যাবের আদলেই এসআরবি গঠন করে।

৯. *এসআরবি আইন অনুযায়ী, পুলিশ বাহিনীর অধীনে এসআরবি একটি বিশেষায়িত ইউনিট হিসেবে কাজ করবে। সরকার প্রয়োজন অনুযায়ী পুলিশ ও শৃঙ্খলা বাহিনী থেকে নির্ধারিত সংখ্যক কর্মকর্তা, সশ্রস্ত্র সদস্য বা কর্মচারীকে পদায়ন কিংবা প্রেষণে নিয়োগ দিয়ে এই ইউনিট গঠন করবে। আইনে বলা হয়েছে, র‍্যাবের বিলুপ্ত বর্তমান জনবল, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা, তহবিল, সম্পত্তি, হিসাব, নথি ও অন্যান্য সম্পদ এসআরবিতে চলে যাবে। র‍্যাবের কর্মকর্তা-কর্মচারীরাও নতুন ইউনিটের সদস্য হিসেবে গণ্য হবেন। র‍্যাবের দায়মুক্তি, চুক্তি এবং পক্ষে বা বিপক্ষে চলমান মামলাও এসআরবির নামে চলবে।*[৪৫]

১০. *অতীত অভিজ্ঞতায় দেখা গেছে, প্রচলিত আইন প্রয়োগকারী সংস্থার বাইরে বিশেষ কোন বাহিনী গঠন করলে, তার হাতে বিরোধীদলের নেতাকর্মী, ভিন্নমতাবলম্বী ও মানবাধিকারকর্মীরা ব্যাপক নিপীড়নের শিকার হন। জাতীয় রক্ষী বাহিনী এবং র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন দুটোই এখন মানবতাবিরোধী অপরাধের উদাহরণ হয়ে রয়েছে।*

সেকশন-খ: নিরাপত্তা বাহিনী কর্তৃক মানবাধিকার লঙ্ঘন

গুম

১১. জুলাই গণঅভ্যুত্থানের পর ২০২৬ এর ফেব্রুয়ারি মাসের নির্বাচনের মধ্যে দিয়ে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর এপ্রিলে গুমের ঘটনা ঘটেছে, যা গুমের শিকার ব্যক্তি, পরিবার এবং মানবাধিকার কর্মীদের যথেষ্ট উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

- বিএনপি ক্ষমতা গ্রহণের পর এপ্রিল মাসে প্রথম গুমের শিকার হয়েছেন বাগেরহাটের মিরাজ শেখ। গুমের শিকার ব্যক্তিদের স্মরণে আন্তর্জাতিক দিবসের এক আলোচনা সভায় মিরাজ শেখের পরিবারের উপস্থিতিতেই মিরাজ শেখ গুম হননি বলে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বক্তব্য দেন এবং মিরাজ শেখ ও তাঁর পরিবারকে ‘জলদস্যু’ হিসেবে আখ্যা দেন। এখনও পর্যন্ত মিরাজ শেখের কোনো সন্ধান পাওয়া যায়নি।

৪৫ র‍্যাবের জায়গায় এসআরবি গঠনে সংসদে বিল, বির্তক, প্রথম আলো ৩ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/politics/68iolyunwm

- গত ২৬ অগাস্ট রাত আনুমানিক সাড়ে ৮ টায় ঢাকার মিরপুর-১ এর মেইন রোডের দক্ষিণ বিশিল এলাকায় ইউসিবি ব্যাংকের এটিএম বুথের সামনে থেকে ঢাকা মহানগর (উত্তর) যুবদলের সাবেক সদস্য এবং ব্যবসায়ী শামীম খানকে সাদা পোশাকে ডিবি পুলিশ পরিচয়ে কয়েক ব্যক্তি তুলে নিয়ে যায়। শামীমের স্ত্রী আরবী সুলতানা জানান, তাঁর স্বামীকে তুলে নেয়ার খবর শুনে তাঁরা বিভিন্ন থানা এবং ডিবি কার্যালয়ে খোঁজ নেন কিন্তু সবাই শামীমকে আটকের বিষয়টি অস্বীকার করে। গত ২৭ অগাস্ট আরবী সুলতানা দারুস সালাম থানায় জিডি করতে গেলে পুলিশ তা গ্রহণ করতে অস্বীকৃতি জানায়। ২৮ অগাস্ট বিকেলে তিনি জানতে পারেন যে, তাঁর স্বামী ডিবি হেফাজতে আছেন। গত ২৯ অগাস্ট শামীমের বিরুদ্ধে অস্ত্র মামলা দায়ের করে তাঁকে গ্রেপ্তার দেখানো হয় এবং ঐদিনই তাঁকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়। গত ৩ সেপ্টেম্বর শামীমকে আদালতে তোলা হলে পুলিশ তাঁকে জিজ্ঞাসাবাদের জন্য ১১ দিনের রিমান্ড চায়। কিন্তু আদালত রিমান্ডের পরিবর্তে শামীমকে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি দিলে ডিবি পুলিশ তাঁকে জিজ্ঞাসাবাদ না করেই রিপোর্ট দিয়ে দেয়। গত ২৬ সেপ্টেম্বর শামীম খান জামিনে কারাগার থেকে মুক্তি পান।[৪৬]

১২. গত ২৯ অগাস্ট বিএনপি সরকারের পক্ষ থেকে গুম-খুনের শিকার এবং জুলাই অভ্যুত্থানে শহীদ পরিবারের ৭৪ জনকে চাকুরির নিয়োগপত্র তুলে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অনুষ্ঠানটি পরিচালনা করেন "আমরা বিএনপি পরিবার" এর আহ্বায়ক ও প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন।[৪৭] নিয়োগদান বাছাইয়ের ক্ষেত্রে শুধুমাত্র বিএনপি'র সঙ্গে সংশ্লিষ্ট পরিবারের সদস্যদের অগ্রাধিকার দেয়া হয়েছে বলে অন্যান্য ভুক্তভোগী পরিবারগুলো তাঁদের হতাশা প্রকাশ করেন।

আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন ও মৃত্যু, মর্যাদাহানীকর আচরণ ও জবাবদিহিতার অভাব

১৩. রাজনৈতিকভাবে আইন প্রয়োগকারী সংস্থাগুলো যাতে ব্যবহৃত হতে না পারে এই জন্য অন্তর্বর্তী সরকার পুলিশ কমিশন অধ্যাদেশ জারি করেছিল। কিন্তু বিএনপি সংসদে এই অধ্যাদেশটি পাস না করায় তা বাতিল হয়ে যায়। ফলে অতীতের মতোই আইন প্রয়োগকারী সংস্থার সদস্যরা মানবাধিকার লঙ্ঘনের সঙ্গে জড়িত হচ্ছে এবং দায়মুক্তি ভোগ করছে। শেখ হাসিনার শাসনামলে অনেক ক্ষেত্রে গুম করার জন্য সাদা পোশাকে গ্রেফতার করা হতো। সেই প্রবণতা আবার ফিরে আসছে। এছাড়া এই সময়ে পুলিশে নিয়োগ, পদোন্নতি ও পোস্টিংয়ের জন্য মোটা অংকের টাকা সিন্ডিকেটের মাধ্যমে লেনদেন হচ্ছে বলে অভিযোগ

৪৬ *অধিকার এর* সংগৃহীত তথ্য

৪৭ জুলাই শহীদ ও গুমের শিকার পরিবারের আরও ৭৪ জন চাকরি পেলেন, জাগো নিউজ ২৪, ২৯ আগস্ট ২০২৬; https://www.jagonews24.com/national/news/1151839?shem=aimgspe

পাওয়া গেছে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি মোকাবেলায় পুলিশের সক্ষমতার অভাব পরিলক্ষিত হচ্ছে।[৪৮]

১৪. এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের নেতাকে আটকের পর টাকা নিয়ে ছেড়ে দেয়া[৪৯], চার্জশিট থেকে মূল আসামীদের বাদ দেয়া[৫০], ইয়াবাসহ গ্রেপ্তার[৫১], বিএনপি কর্মীকে আওয়ামী লীগ নেতা দেখিয়ে মামলায় অভিযুক্ত করা[৫২], এজাহার থেকে আসামীকে বাদ দিতে বাদীকে চাপ[৫৩] সহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে।

- গত ৩ অগাস্ট লক্ষ্মীপুরের রামগতিতে মোহাম্মদ রিমন নামে ১৪ বছরের এক স্কুলছাত্রকে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের মিছিলে যোগদানের কারণে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় অভিযুক্ত করে এজাহারে তার বয়স ১৯ বছর দেখিয়ে আদালতে পাঠানো হয়। আদালত তাকে জেল হাজতে প্রেরণ করে।[৫৪] পরবর্তীতে আদালত তাকে শর্তসাপেক্ষে জামিন দেয়।
- গত ১৯ সেপ্টেম্বর ঢাকা জেলার ধামরাইয়ে যুবলীগ কর্মী রিফাতকে গ্রেপ্তার করতে না পেরে তার ৬৫ বছর বয়স্ক বাবা কোলিম উদ্দিনকে পুলিশ গ্রেপ্তার করে।[৫৫]



গ্রেপ্তারকৃত কলিম উদ্দিন। ছবি: ডেইলি স্টার, ২০ সেপ্টেম্বর ২০২৬

১৫. অনেক সময় আইন প্রয়োগকারী সংস্থাগুলো যে কোন ঘটনার সমান্তরাল তদন্ত করতে যেয়ে ঘটনার সঙ্গে জড়িত নন এমন অন্য কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করে। এরপর সেই

৪৮ পুলিশে বাণিজ্যই নয়, অফিসারদের কেনা-বেচাও করে সিন্ডিকেট, মানবজমিন, ৫ সেপ্টেম্বর ২০২৬; https://mzamin.com/article/38961

৪৯ গাজীপুরে কৃষক লীগ নেতাকে আটকের পর ছেড়ে দেওয়ার অভিযোগ, প্রথম আলো ৪ জুলাই ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/syt6kwt4gj

৫০ তদন্তের আগেই খুনের আসামিদের 'খালাস' , যুগান্তর ২৪ জুলাই ২০২৬; https://www.jugantor.com/country-news/1130875

৫১ পল্লবী থানার এ এস আইসহ দুজন ইয়াবা নিয়ে গ্রেপ্তার, সমকাল ২৫ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/crime/ruyrb9c94e

৫২ বিএনপি কর্মীকে 'আ.লীগ নেতা' দেখিয়ে কারাগারে পাঠানোর অভিযোগ, যুগান্তর ৪ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1136101

৫৩ রৌমারীতে গৃহবধূ হত্যা: এজাহার থেকে আসামির নাম বাদ দিতে বলেন ওসি, নয়াদিগন্ত ২ অগাস্ট ২০২৬; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/1dgfdec81E69

৫৪ পুলিশের সন্ত্রাস বিরোধী মামলায় স্কুলছাত্র কারাগারে, যুগান্তর ৫ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-news/1136246

৫৫ যুবলীগ কর্মীর ছেলেকে খুঁজে পেতে ব্যর্থ হওয়ায় কৃষক আটক, দি ডেইলি স্টার ২১ সেপ্টেম্বর ২০২৬; https://www.banglatribune.com/country/dhaka/969581/

গ্রেপ্তারকৃত ব্যক্তিটিকেও তদন্তাধীন ঘটনার সঙ্গে জড়িত বলে দাবি করছে। এতে নিরপরাধ মানুষের ভুক্তভোগী হওয়ার সম্ভবনা তৈরি হচ্ছে।[৫৬]

১৬. নির্যাতন ও হেফাজত মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর বাস্তবায়ন না হওয়ার কারণেই বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা ও গোয়েন্দা হেফাজতে নির্যাতন ও অমানবিক আচরণের ঘটনাগুলো অব্যাহতভাবে ঘটছে।

- গত ৮ সেপ্টেম্বর গভীর রাতে বরিশালের বাকেরগঞ্জে মাদকবিরোধী অভিযানের সময় নাদিয়া বেগম (৩৮) নামে এক নারীকে পুলিশ গ্রেপ্তার করে। পরের দিন ৯ সেপ্টেম্বর পুলিশ নাদিয়া বেগমকে একটি মাদক মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানোর সময় নাদিয়া বেগম মারা যান। নাদিয়ার স্বামী এনামুল হক মন্টু গাজী অভিযোগ করেছেন, গ্রেপ্তারের পর তাঁর স্ত্রীকে পুলিশ থানায় নিয়ে শারীরিক ও মানসিক নির্যাতন করে। নির্যাতনের কারণেই নাদিয়ার মৃত্যু হয়েছে বলে তিনি দাবি করেন। অন্যদিকে পুলিশ বলছে নাদিয়া বেগম অসুস্থ হয়ে মারা গেছেন।[৫৭]
- গত ২০ সেপ্টেম্বর নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানায় রিমান্ডে থাকা আনোয়ার হোসেনকে দেখতে আসলে তাঁর ছেলে আরমানকে পুলিশ মারধর করে এবং পিটিয়ে পা ভেঙ্গে দেয়। আরমান অভিযোগ করেন, তাঁর বাবা আনোয়ার হোসেন একটি হত্যা মামলায় গ্রেফতার হলে তাঁকে রিমান্ডে আনে আড়াইহাজার থানা পুলিশ। খবর পেয়ে তিনি থানায় গেলে এসআই রুহুল আমিন তাঁকে বলেন তাঁর বাবাকে আদালত থেকে থানায় আনতে ও খাওয়া খরচ বাবদ ২০০০ টাকা খরচ হয়েছে। রুহুল আমিন তাঁর কাছে এই টাকা দাবি করলে আরমান তা দিতে অস্বীকার করায় তাঁর পা পিটিয়ে ভেঙ্গে দেয়া হয়।[৫৮]



ঘুষ দিতে অস্বীকৃতি জানালে পুলিশ আরমান হোসেনের পা ভেঙে দেয় পুলিশ। ছবি: যুগান্তর, ২২ সেপ্টেম্বর ২০২৬

৫৬ র‍্যাবের গেপ্তার করা তিনজন জড়িত নন, বলছে ডিবি, প্রথম আলো ১৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/crime/2nhedteo9q

৫৭ রাতে আটক বিকালে মৃত্যু নারীর, যুগান্তর ১১ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1152834

৫৮ থানায় গিয়ে ঘুস না দেওয়ায় পা ভেঙ্গে দিয়েছে পুলিশ, যুগান্তর ২২ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1158117

থানা হেফাজতে মৃত্যু

১৭. এই সময়ে থানা হেফাজতে আটক অভিযুক্তের মৃত্যুর ঘটনা ঘটেছে। দুটি ঘটনায় পুলিশ দাবি করেছে যে, অভিযুক্ত ব্যক্তিরা থানা হেফাজতে আত্মহত্যা করেছেন।

- গত ৯ জুলাই কিশোরগঞ্জ জেলার নিকলী থানা হেফাজতে মাদক মামলায় গ্রেপ্তারকৃত আসামি রুবেল মিয়া থানা হাজতের ভেতর নিজের পরিহিত শার্ট ব্যবহার করে আত্মহত্যা করেছেন বলে নিকলী থানা পুলিশ দাবি করেছে।[৫৯]
- গত ১৯ জুলাই বগুড়ায় গোয়েন্দা পুলিশ (ডিবি) হেফাজতে হত্যা মামলার সন্দেহভাজন আসামী আসাদুজ্জামান হাজতখানার শৌচাগারের ভেন্টিলেশনের সঙ্গে লুঙ্গি পেঁচিয়ে আত্মহত্যা করেন বলে ডিবি পুলিশ দাবি করেছে।[৬০]

সেকশন গ: রাষ্ট্রীয় নিপীড়ন এবং নিবর্তনমূলক আইন

মতপ্রকাশের স্বাধীনতা লঙ্ঘন

১৮. এই তিন মাসে মতপ্রকাশের স্বাধীনতা বাধাগ্রস্ত হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রীকে নিয়ে 'অশালীন' বক্তব্য দেয়ার কারণে অভিযুক্তকে সাইবার সুরক্ষা আইন এবং সন্ত্রাসবিরোধী আইনে মামলা দিয়ে কারাগারে প্রেরণ করা হয়েছে। এই সময়ে পুলিশ ও কারা কর্তৃপক্ষ জেল হাজতে অভিযুক্তের ওপর নির্যাতন করেছে বলেও অভিযোগ পাওয়া গেছে। ফেসবুকে ষ্ট্যাটাসের জেরে ঢাকায় এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করা হয়েছে।[৬১]

- ভৌতিক বিদ্যুৎ বিল নিয়ে ফেসবুকে ইনকিলাব মঞ্চের কর্মী সিফাত আবদুল্লাহ (২০) প্রধানমন্ত্রী তারেক রহমান ও সরকারসংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে 'অশালীন' মন্তব্য করায় গত ৩ সেপ্টেম্বর গাজীপুরের গাছা থানা পুলিশ সিফাতকে গ্রেপ্তার করে। 'অশালীন' মন্তব্যের অভিযোগে সিফাতকে আটক করা হলেও সন্ত্রাসবিরোধী আইনে দায়েরকৃত একটি পুরানো মামলায় তাঁকে গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।[৬২] আদালত দুই দফা সিফাতের জামিন আবেদন নামঞ্জুর করে।[৬৩]

---

৫৯ থানায় আসামির ঝুলন্ত মরদেহ, দুই পুলিশ সদস্য ক্লোজড, জাগোনিউজ২৪.কম ১১ জুলাই ২০২৬; https://www.jagonews24.com/country/news/1136354

৬০ বগুড়ায় হাজতখানায় আসামির ঝুলন্ত লাশ, ডিবি পুলিশ বলছে আত্মহত্যা, প্রথম আলো ১৯ জুলাই ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/dr0uhd6gea

৬১ ফেসবুকে ষ্ট্যাটাসের জেরে পিটিয়ে হত্যা, সমকাল ২৬ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/bangladesh/article/374715/

৬২ গাজীপুরে কটূক্তির অভিযোগে তরুণ গ্রেপ্তার, মুক্তির দাবিতে থানায় এনসিপির নেতা–কর্মীদের অবস্থান; প্রথম আলো, ৪ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/zed1cpbsgt

৬৩ প্রধানমন্ত্রীকে নিয়ে আপত্তিকর মন্তব্য: সিফাতের জামিন নামঞ্জুর; ডেইলি স্টার, ২২ সেপ্টেম্বর ২০২৬; https://bangla.thedailystar.net/news/bangladesh/news-3963806



আপত্তিকর মন্তব্য করার অভিযোগে গাজীপুরে গ্রেপ্তার হওয়া সিফাত আব্দুল্লাহ'র মুক্তির দাবিতে থানায় অবস্থান কর্মসূচি পালন করেন এনসিপির নেতা-কর্মীরা। ছবি: প্রথম আলো, ৪ সেপ্টেম্বর ২০২৬।

- সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী তারেক রহমানকে কটূক্তি করার অভিযোগে গত ১৮ সেপ্টেম্বর মেহেরপুরে সঞ্জয় কুমার দাস এবং সিলেটে মেহেদী আহমেদ নামে দুই ব্যক্তিকে পুলিশ গ্রেপ্তার করেছে। উভয়ের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে।[৬৪]
- গাইবান্ধার সুন্দরগঞ্জে প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে ফেসবুকে 'আপত্তিকর' মন্তব্য করায় হুমায়ুন কবির ডিউক (২১) নামে এক ব্যক্তিকে পুলিশ গত ১৯ সেপ্টেম্বর সাইবার সুরক্ষা আইনে গ্রেপ্তার করে।[৬৫]
- অতিরিক্ত বিদ্যুৎ বিল নিয়ে গাজীপুরের এনসিপি'র সদস্য আশরাফুল ইসলাম সজলকে ফেসবুকে 'সরকারবিরোধী পোস্ট' দেয়ার কারণে গত ২৭ সেপ্টেম্বর পুলিশ গ্রেপ্তার করে। কটূক্তির অভিযোগে সজলকে সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা পূর্বের একটি মামলায় তাঁকে গ্রেপ্তার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।[৬৬]

৬৪ প্রধানমন্ত্রীকে কটূক্তির অভিযোগে গ্রেপ্তার ২, সমকাল ২০ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/bangladesh/article/373721/

৬৫ গাইবান্ধায় ফেসবুকে প্রধানমন্ত্রীকে নিয়ে কটূক্তি, যুবক কারাগারে; বাংলা নিউজ ২৪. কম, ২০ সেপ্টেম্বর ২০২৬; https://www.banglanews24.com/national/news/bd/1681683.details

৬৬ সন্ত্রাসবিরোধী আইনের মামলায় যুবক গ্রেফতার, যুগান্তর ৩০ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1161787, অতিরিক্ত বিদ্যুৎ বিল নিয়ে সামাজিক মাধ্যমে সরকারকে গালাগালি, এনসিপি নেতা কারাগারে সমকাল ২৯ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/whole-country/article/375318

সংবাদ মাধ্যমের স্বাধীনতা

১৯. এই তিন মাসে সংবাদ সংগ্রহ এবং প্রকাশের জেরে সরকারি কর্মকর্তা[৬৭], পুলিশ[৬৮], এবং বিএনপি'র নেতাকর্মীদের[৬৯] বিরুদ্ধে সাংবাদিকদের ওপর মামলা, হামলা, গ্রেপ্তার[৭০], গুলি চালিয়ে হত্যা চেষ্টা[৭১], নির্যাতন ও হুমকিসহ বিভিন্ন ধরণের নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে। এই সময়ে সারা দেশের বিভিন্ন জায়গায় ছাত্রদল ও ছাত্রশিবিরের[৭২] এবং বিএনপি ও জামায়াতে ইসলামের নেতাকর্মীদের[৭৩] মধ্যে সংঘর্ষের ঘটনার সংবাদ সংগ্রহ করতে যেয়ে সাংবাদিকরা হামলার শিকার হয়েছেন।[৭৪]



জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের সময় দুই সাংবাদিক আহত হন। ছবি: আমার দেশ, ৪ আগস্ট ২০২৬।

---

৬৭ সাভার উপজেলা কমপ্লেক্সে সাংবাদিককে আটকে রেখে নির্যাতনের অভিযোগ, আমাদের সময়, ৮ জুলাই ২০২৬; https://www.dainikamadershomoy.com/details/019f3fa80737

৬৮ নারীকে হেনস্তার ভিডিও করায় সাংবাদিককে পুলিশ ভ্যানে তুলে নির্যাতন, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/capital/amdbj6wodmhb3

৬৯ গাজীপুরে সাংবাদিকের ওপর হামলা, যুবদল নেতার বিচার দাবিতে মানববন্ধন, নয়াদিগন্ত ৫ জুলাই ২০২৬; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/1029332; ওসির সামনে দুই সাংবাদিকের ওপর কৃষক দল নেতার হামলা, যুগান্তর ১৮ জুলাই ২০২৬; https://www.jugantor.com/country-news/1128511

৭০ সংবাদ প্রকাশ করায় সাংবাদিক কারাগারে, যুগান্তর ২৩ জুলাই ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1130609

৭১ খুলনায় চার সাংবাদিককে লক্ষ্য করে গুলি, পুলিশ বাদী হয়ে মামলা, আমার দেশ ১৬ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/khulna/amdz293q5e76e

৭২ ছাত্রদল-শিবির সংঘর্ষে দুই সাংবাদিক আহত, আমার দেশ ৪ অগাস্ট; https://www.dailyamardesh.com/education/campus/amdaqecc8j2yh

৭৩ জাজিরায় জামায়াতের কর্মসূচিতে বিএনপির হামলা, ভিডিও করায় সাংবাদিককে মারধর, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd2te0xo8cip

৭৪ সাংবাদিকের ওপর বিএনপি ও ছাত্রদল নেতাকর্মীর হামলা, প্রতিবাদে মানববন্ধন, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/rangpur/amdeky1huzn3u



জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে জাজিরায় জামায়াতে ইসলামী আয়োজিত একটি অনুষ্ঠানে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের হামলার দৃশ্য ধারণ করায় বিজয় টিভির জাজিরা প্রতিনিধি জুয়েল মিয়াকে মারধর করা হয়। ছবি: আমার দেশ, ৬ আগস্ট ২০২৬।

- গত ১৭ জুলাই ঝিনাইদহের কালীগঞ্জ থানায় সংবাদ সংগ্রহ করতে গেলে যুগান্তরের কালীগঞ্জ প্রতিনিধি শাহরিয়ার আলম সোহাগ এবং নাগরিক টিভির ঝিনাইদহ জেলা প্রতিনিধি মিশন আলীর ওপর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সামনে হামলা চালায় উপজেলা কৃষকদলের যুগ্ম আহবায়ক জালাল উদ্দিন। এই ঘটনায় দুই আহত সাংবাদিককে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।[৭৫]



কৃষকদল নেতা জালাল উদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সামনে দুই সাংবাদিকের ওপর হামলা চালায়। ছবি: যুগান্তর, ১৮ জুলাই ২০২৬।

- গত ২৫ অগাস্ট শরীয়তপুরে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে পেশাগত দায়িত্ব পালনকালে নিউজ টোয়েন্টি ফোরের জেলা প্রতিনিধি বিধান মজুমদার অনি, দি ডেইলি স্টারের শরীয়তপুর ও মাদারীপুর প্রতিনিধি জাহিদ হাসান রনি এবং দৈনিক এদিনের জেলা প্রতিনিধি বরকতউল্লার ওপর হামলা চালিয়ে মারধর করে জেলা যুবদলের সাবেক সভাপতি আরিফুজ্জামান মোল্লাসহ কয়েকজন নেতাকর্মী। মারধরের পর 'তোমরা লেখবা, আমরা তোমাদের পিটাব' এরকম মন্তব্য করেন ঐ যুবদল নেতা।[৭৬]

---

৭৫ ওসির সামনে দুই সাংবাদিকের ওপর কৃষক দল নেতার হামলা, যুগান্তর ১৮ জুলাই ২০২৬; https://www.jugantor.com/country-news/1128511

৭৬ তোমরা লেখবা, আমরা তোমাদের পিটাব – সাংবাদিকদের মারধরের পর যুবদল নেতা, সমকাল ২৫ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/369602/



যুবদল নেতা আরিফুজ্জামান মোল্লা। ছবি: সমকাল, ২৫ অগাস্ট ২০২৬

- কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রাফিউর রহমানকে সংবাদ তৈরির জন্য নামজারিসহ বিভিন্ন প্রশ্ন করেছিলেন মানবজমিনের রৌমারী উপজেলা প্রতিনিধি রফিকুল ইসলাম সাজু। এই কারণে গত ৩ সেপ্টেম্বর রাফিউর রহমান পুলিশ এবং আনসার নিয়ে রফিকুল ইসলাম সাজুর বাড়িতে মাদক উদ্ধারের নামে তল্লাশি চালায়। যদিও কোন মাদক উদ্ধার হয়নি।[৭৭]
- গত ২১ সেপ্টেম্বর চাঁদপুরের কচুয়ায় ধর্ষণের সংবাদ প্রকাশ করায় দৈনিক প্রতিদিনের বাংলাদেশের কচুয়া প্রতিনিধি নাসির উদ্দিন এবং তাঁর সঙ্গে থাকা শিশুকন্যার ওপর হামলা চালায় ধর্ষণের দায়ে অভিযুক্ত সুমন পাটোয়ারী ও তার সহযোগীরা। মারাত্মক আহতবস্থায় নাসির উদ্দিনকে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।[৭৮]



আহত সাংবাদিক নাসির উদ্দিন। ছবি: যুগান্তর, ২২ সেপ্টেম্বর ২০২৬

২০. *অধিকার এর* সংগৃহীত তথ্য অনুযায়ী জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত পেশাগত দায়িত্ব পালনের সময় একজন সাংবাদিক নির্যাতনের শিকার, ২২ জন সাংবাদিক আহত, ১৩ জন লাঞ্ছিত ও ১৬ জন হুমকির শিকার হয়েছেন।

৭৭ নামজারি সংক্রান্ত প্রশ্ন, সাংবাদিকের বাড়িতে এসিল্যান্ডের তল্লাশি রৌমারীতে, যুগান্তর ৪ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/country-news/1149456

৭৮ ধর্ষণের সংবাদ প্রকাশ, সাংবাদিক ও শিশুকন্যার ওপর হামলার অভিযোগ, যুগান্তর ২২ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/country-news/1158406

সভা-সমাবেশের অধিকার লঙ্ঘন

২১. এই সময়ে বিরোধী রাজনৈতিক দলের সভা-সমাবেশ বাধাগ্রস্ত হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মী কর্তৃক সভা-সমাবেশে বাধা, হামলা ও হুমকির[৭৯] ঘটনা ঘটেছে। এই সময়ে জুলাই গণঅভ্যুত্থান দিবস পালনকে কেন্দ্র করে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের বিরোধীদলের কর্মসূচিতে হামলা করার ঘটনা ঘটেছে।[৮০] এই সময় সংবাদ সংগ্রহ করতে যাওয়া সাংবাদিকদের ওপরও হামলা করা হয়েছে।[৮১] গত ৪ জুলাই ঢাকার গুলিস্তানে বিএনপি'র চাঁদাবাজি ও দখলবাজির বিরুদ্ধে জামায়াতে ইসলামীর বিক্ষোভ মিছিলের প্রস্তুতিকালে বিএনপির' লোকজন হামলা চালালে ১৫/২০ জন আহত হন।[৮২]



জ্বালানি তেলের দাম বৃদ্ধির প্রতিবাদে চট্টগ্রামে এনসিপি'র প্রতিবাদ মিছিল। ছবি: সমকাল, ২৩ সেপ্টেম্বর ২০২৬

- গত ২৮ জুলাই হবিগঞ্জে এনসিপি'র পদযাত্রায় স্থানীয় বিএনপি'র নেতাকর্মীরা হামলা চালালে এনসিপি'র শীর্ষ দুই নেতা সারজিস আলম ও নাসীরুদ্দিন পাটওয়ারীসহ অন্তত ১০ জন আহত হন।[৮৩]



বিএনপি'র হামলায় আহত সারজিস আলমসহ এনসিপি'র নেতৃবৃন্দ। ছবি: ইত্তেফাক, ২৮ জুলাই ২০২৬

৭৯ ঈশ্বরদীতে এনসিপির কর্মসূচীতে ছাত্রদল নেতার বাধা, হুমকি, সমকাল ২৩ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/bangladesh/article/374235/

৮০ আধিপত্যের লড়াইয়ের ছাত্রদল- শিবির, সমকাল ৬ অগাস্ট ২০২৬; https://samakal.com/politics/article/366336/

৮১ জাজিরায় জামায়াতের কর্মসূচিতে বিএনপির হামলা, ভিডিও করায় সাংবাদিককে মারধর, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd2te0xo8cip

৮২ গুলিস্তানে জামায়াতের মিছিলে হামলায় আহত ১৫, আমার দেশ ৫ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/politics/amdz6qnxqjgxs

৮৩ হবিগঞ্জে এনসিপির পদযাত্রায় হামলা সারজিস-পাটোয়ারীসহ আহত ১০, আমার দেশ, ২৯ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/national/amd5f6vf6jrht

- গত ৩০ জুলাই সিলেটের গোলাপগঞ্জ পৌরসভা অডিটোরিয়ামে জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ পরিবারের সদস্যদের সঙ্গে এনসিপি নেতাদের মতবিনিময় অনুষ্ঠান শেষে ফেরার সময় এনসিপি'র মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলমকে বহন করা গাড়িতে ছাত্রদলের নেতাকর্মীরা হামলা চালায়।[৮৪]
- গত ৫ অগাস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে ঢাকায় সরকারি তিতুমীর কলেজে আয়োজিত অনুষ্ঠানে এনসিপি'র ছাত্র সংগঠন ছাত্রশক্তির নেতাকর্মীদের ওপর ছাত্রদলের নেতাকর্মীরা হামলা চালিয়ে মারধর করে।[৮৫]
- গত ১৭ অগাস্ট হবিগঞ্জ শহরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা লোডশেডিং, গ্যাস সংকট নিরসন এবং দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিবাদে সর্বস্তরের ছাত্র-জনতার ব্যানারে বিক্ষোভ মিছিলের আয়োজন করে। কিন্তু প্রশাসনের অনুমতি নেয়া হয়নি এই অজুহাতে পুলিশ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব মাহদি হাসানসহ তিন জনকে আটক করে। এতে বিক্ষোভ মিছিল পণ্ড হয়ে যায়।[৮৬]



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব মাহদি হাসানকে হবিগঞ্জে মিছিল থেকে আটক করে পুলিশ। ছবি: সমকাল, ১৭ অগাস্ট ২০২৬

সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬

২২. সরকার সম্প্রতি সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬ খসড়া প্রস্তুত করেছে। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও প্রযুক্তি বিভাগ ইতিমধ্যে আইন সংশোধনের খসড়া প্রকাশ করেছে। প্রস্তাবিত সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬ এর খসড়ায় সরকার এমন কিছু বিধান অন্তর্ভুক্ত করেছে, যা নাগরিকের মৌলিক অধিকার, বাক্ স্বাধীনতা ও স্বাধীন মতপ্রকাশের জন্য গুরুতর হুমকি সৃষ্টি করবে।

২৩. খসড়ায় মানহানি, হেয় প্রতিপন্ন করা, বুলিং, গুজব ও অপতথ্য প্রচারের মতো বিষয় অন্তর্ভুক্ত করে সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ড বা ৪০ লাখ টাকা জরিমানার প্রস্তাব করা

৮৪ সিলেটে পথসভা শেষে ফেরার পথে গাড়িতে হামলা, নাসীরুদ্দীন পাটওয়ারীসহ আহত ২, প্রথম আলো ১ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/rl01svjg2d

৮৫ বরিশাল বিশ্ববিদ্যালয় ও তোলারাম কলেজে সংঘর্ষ ছাত্রদল-শিবিরের, আহত ১৫, বণিক বার্তা ৬ অগাস্ট ২০২৬; https://bonikbarta.com/bangladesh/key7JCq2uIpTwLYY

৮৬ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা মাহদীসহ আটক ৩, সমকাল ১৭ অগস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/368255/

হয়েছে। এসব শব্দের অস্পষ্ট ও বিস্তৃত সংজ্ঞা আইনের অপব্যবহার এবং ভিন্নমত দমনের সুযোগ তৈরি করবে। একই সঙ্গে যৌন হয়রানি ও সেক্সটর্শনের অসম্পূর্ণ সংজ্ঞা ভুক্তভোগীদের অধিকার সুরক্ষাকেও ঝুঁকিতে ফেলবে।

২৪. খসড়া আইনে জাতীয় নিরাপত্তা ও বিদেশি রাষ্ট্রের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কসংক্রান্ত অস্পষ্ট বিধানকে অজামিনযোগ্য অপরাধের আওতায় আনার প্রস্তাব করা হয়েছে। খসড়া আইনে প্রধানমন্ত্রীসহ ২৮ সদস্যের সমন্বয়ে সাইবার সুরক্ষা কাউন্সিল গঠনের প্রস্তাবে বেসরকারি পর্যায়ের তথ্যপ্রযুক্তি বা মানবাধিকার বিষয়ক মাত্র দুজন বিশেষজ্ঞের অন্তর্ভুক্তির কথা বলা হয়েছে, যা সাইবার সুরক্ষা কাউন্সিলে সরকারি নিয়ন্ত্রণ ও বেসরকারি বিশেষজ্ঞদের প্রতিনিধিত্ব সীমিত করবে এবং কাউন্সিলের স্বাধীনতা ও জবাবদিহিতা নিয়ে উদ্বেগের সৃষ্টি হবে।[৮৭]

২৫. গত ২৮ সেপ্টেম্বর সচিবালয়ে আয়োজিত পরামর্শ সভায় সাংবাদিক ও গণমাধ্যমের প্রতিনিধিরা আইনটির অপব্যবহারের আশঙ্কা প্রকাশ করেন।[৮৮]

- সিলেটে এনসিপি'র পথসভায় হামলার ঘটনায় প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে গত ৩১ জুলাই ফেসবুকে আপত্তিকর পোস্ট দেন এনসিপি'র যুগ্ম সদস্য সচিব গাজী সালাহউদ্দিন তানভীর। পরে তিনি পোস্টটি মুছে ফেলেন এবং ক্ষমা চান। এরপর তাঁকে দল থেকে অব্যাহতি দেয় এনসিপি।[৮৯] কিন্তু তারপরও গত ৫ অগাস্ট বগুড়া জেলা গোয়েন্দা পুলিশ তানভীরকে ঢাকা থেকে গ্রেফতার করে। বগুড়া সদর উপজেলা বিএনপি'র সভাপতি মাফতুন আহমেদ বাদী হয়ে বগুড়া থানায় তাঁর বিরুদ্ধে সাইবার সুরক্ষা আইনে মামলা দায়ের করেন।[৯০] গত ১৫ সেপ্টেম্বর তানভীর জামিনে মুক্ত হবার পর জানান, গ্রেপ্তারের পর তাঁকে জেলখানায় ও রিমান্ডে নিয়ে তাঁর ওপর নির্যাতন করা হয়। বগুড়া কারাগারে চরম অপরিচ্ছন্ন, আলো-বাতাসহীন একটি সেলে তাঁকে রাখা হয়। তিনি অভিযোগ করেন যে, আটকাবস্থায় তাঁকে ঘুমাতে দেয়া হয়নি এবং তাঁর শরীরে অন্তত ৭০/৮০টি ইনজেকশন দেয়া হয়। কিন্তু সেগুলো কিসের ইনজেকশন, তা তিনি জানেন না ।[৯১]

সেকশন ঘ: অন্যান্য মানবাধিকার লঙ্ঘন

মৃত্যুদণ্ডের বিধান

২৬. বাংলাদেশে বিভিন্ন ফৌজদারি আইনে মৃত্যুদণ্ড বহাল আছে। আইনে বিকল্প সাজা দেয়ার বিধান থাকা সত্ত্বেও নিম্ন আদালতগুলো মৃত্যুদণ্ড প্রদান করছে। পুলিশ রিমান্ডে নিয়ে

---

৮৭ ডিজিটাল নিরাপত্তার মতোই হচ্ছে সাইবার সুরক্ষা আইন, সমকাল ১৪ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/technology/article/372681

৮৮ অপপ্রয়োগের শঙ্কা কিছু ধারা স ংশোধন চান সম্পাদকরা, সমকাল ২৯ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/bangladesh/article/375263/

৮৯ কারাগারে নির্যাতনের অভিযোগ সালাহউদ্দিন তানভীরের, সমকাল ২৫ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/politics/article/374656/

৯০ প্রধানমন্ত্রীকে কটূক্তির মামলা: এনসিপির অব্যাহতিপ্রাপ্ত নেতা তানভীর রিমান্ডে; bdnews24.com 8 https://bangla.bdnews24.com/samagrabangladesh/88c553334881

৯১ আমার শরীরে অন্তত ৭০–৮০টি ইনজেকশন দেওয়া হয়েছে: এনসিপি নেতা সালাউদ্দিনের অভিযোগ, প্রথম আলো ২৫ সেপ্টেম্বর ২০২৬ https://www.prothomalo.com/politics/reljk8dxoc

নির্যাতনের মাধ্যমে অভিযুক্তদের স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিতে বাধ্য করে এবং এই স্বীকারোক্তিমূলক জবানবন্দির ওপর ভিত্তি করে আদালত সর্বোচ্চ সাজা প্রদান করে থাকে। বাংলাদেশের দুর্বল ফৌজদারি বিচার ব্যবস্থার কারণে নিদোর্ষ ব্যক্তিও মৃত্যুদণ্ডের শিকার হতে পারেন।

- ২০২০ সালের ২ মার্চ কক্সবাজারে গোয়েন্দা পুলিশ এক লাখ ৯০ হাজার পিস ইয়াবাসহ পাঁচ জনকে গ্রেপ্তার করে। মামলার এজাহারে দ্বিতীয় আসামি ছিলো কক্সবাজার পৌরসভার নজির আহমদের ছেলে রমজান ওরফে সোনা মিয়া। কিন্তু গ্রেপ্তারের পর রমজান ওরফে সোনা মিয়া পুলিশকে নিজের পরিচয়ের পরিবর্তে তার পরিচিত অন্য একজন সোনা মিয়ার নাম ও ঠিকানা প্রদান করে। ২০২২ সালের ১৩ জুন রমজান ওরফে সোনা মিয়া কক্সবাজার জেলা ও দায়রা জজ আদালত থেকে জামিনে মুক্ত হয়ে আত্মগোপনে চলে যায়। ২০২৫ সালের নভেম্বর মাসে এই মামলার রায় ঘোষণা করা হয় এবং দুইজন আসামিকে মৃত্যুদণ্ড দেয়া হয়।[৯২] রায়ের পর গত ২৩ জুন র‍্যাব-১৫ অন্য সোনা মিয়াকে গ্রেপ্তার করে এবং আদালতের মাধ্যমে কক্সবাজার কারাগারে পাঠালে কারাকর্তৃপক্ষ তাঁকে কনডেমেড সেলে পাঠায়। কিন্তু সোনা মিয়া মামলার অভিযুক্ত নন বলে জেল সুপারের কাছে লিখিতভাবে জানান। পরবর্তীতে ঘটনাটি পুলিশ তদন্ত করে প্রতিবেদনে উল্লেখ করে যে, ২০২০ সালের ইয়াবাসহ গ্রেপ্তার হওয়া সোনা মিয়া এবং ২০২৬ সালে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি হিসেবে গ্রেপ্তারকৃত সোনা মিয়া এক ব্যক্তি নন।[৯৩] অথচ নিরাপরাধ সোনা মিয়া দুই মাস ধরে কারাগারের কনডেমড সেলে বন্দি ছিলেন।[৯৪]

২৭. **চলতি বছরের জুলাই – সেপ্টেম্বর এই তিন মাসে নিম্ন আদালত কর্তৃক ৮৫ জনকে মৃত্যুদণ্ড দেয়া হয়েছে।**

কারাগার ও কারাবন্দিদের মানবাধিকার

২৮. গত তিন মাসে সারা দেশের কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে অধিক বন্দি ছিল।[৯৫] সারা দেশের ৭৫টি কারাগারের ধারণক্ষমতা ৪৫,১৮৬। অথচ ১৮ সেপ্টেম্বর পর্যন্ত মোট বন্দি ছিল ১০৪,৬১৭ জন।[৯৬]

২৯. দীর্ঘ বছর ধরে বাংলাদেশের কারাগারগুলোতে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ থাকার পরও কোনো প্রতিকার হয়নি। কারাগারগুলোতে অসুস্থ না হয়েও ঘুষের বিনিময়ে চিকিৎসার নামে হাসপাতালে আরামে আয়েশে থাকা এবং পছন্দমতো সেলে থাকাসহ

---

৯২ মাদক মামলায় কক্সবাজারে দুজনের মৃত্যুদণ্ড, সমকাল, ২৫ নভেম্বর ২০২৬; https://samakal.com/whole-country/article/326867

৯৩ রমজানের অপরাধে সাজা খাটছেন সোনা মিয়া, আমার দেশ ১৪ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/chattogram/amdchy0zqkr8m

৯৪ অবশেষে জামিনে মুক্তি পেলেন মৃত্যুদণ্ডপ্রাপ্ত সেই সোনা মিয়া, ডিদ ডেইলি স্টার, ১৪ অগাস্ট ২০২৬; https://bangla.thedailystar.net/news/bangladesh/news-3952241

৯৫ পাঁচ বছরের মধ্যে এখন সর্বোচ্চ কারাবন্দি, সমকাল ১৯ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/law-justice/article/373563/

৯৬ কারাগারে বন্দিমৃত্যু বাড়ছে চিকিৎসা সংকটে, আমার দেশ ১৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/special-report/amdamq44frp2s; পাঁচ বছরের মধ্যে এখন সর্বোচ্চ কারাবন্দি, সমকাল ১৯ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/law-justice/article/373563/

বিভিন্ন দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। ঘুষ না দিলে হাজতীদের দিয়ে নানা ধরনের কাজ করিয়ে নেয়ার অভিযোগ রয়েছে কারা কর্তৃপক্ষের বিরুদ্ধে। অথচ সাজাপ্রাপ্ত বন্দি ছাড়া অন্য বন্দিদের কাজ করার কোন নিয়ম নাই।[৯৭] এই সময়ে কারাগারে বন্দিকে নির্যাতন করে হত্যার অভিযোগ রয়েছে।

- গত ২৩ অগাস্ট কক্সবাজার কারাগারে পানি নিয়ে আসামি সোহাগের সঙ্গে হাজতে থাকা অন্য আসামিদের ঝগড়া হয়। এই অজুহাতে কারারক্ষী শরীফ, ইউসুফ, কাইয়ুম ও সুবেদার সাইফুল আসামি সোহাগকে ধরে কেস টেবিলে এনে মারধর করলে সেখানেই সোহাগ অজ্ঞান হয়ে পড়েন। পরে তাঁকে কক্সবাজার জেলা সদর হাসপাতালে নিয়ে গেলে হাসপাতাল কর্তৃপক্ষ তাঁকে মৃত ঘোষণা করে। এই ঘটনায় নিহত সোহাগের পরিবারের সদস্যরা সোহাগের শরীরে মারধরের চিহ্ন দেখে নির্যাতন করে সোহাগকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেন। তবে কারাগার কর্তৃপক্ষ সোহাগের হার্ট এট্যাকে মৃত্যু হয়েছে বলে জানায়। এই ঘটনার তিনদিন পর পেকুয়া উপজেলার রাজাখালী এলাকার মিজানুর রহমান নামে এক আসামি জামিন নিয়ে বের হয়ে এসে জানান সোহাগকে মারধর করে মেরে ফেলা হয়েছে।[৯৮]

৩০. জুলাই-সেপ্টেম্বর মাসে কারাগারগুলোতে বন্দিদের মৃত্যুর ঘটনা বেড়েছে। কারাকর্তৃপক্ষ বলছে, চিকিৎসক সংকটের কারণে বন্দিদের মৃত্যু হচ্ছে। ব্যাপক সংখ্যক বন্দির জন্য সব কারাগার মিলিয়ে স্থায়ী চিকিৎসক রয়েছেন মাত্র দুজন। এছাড়া অপ্রতুল চিকিৎসা সামগ্রী, কারাগারে বিশেষায়িত হাসপাতাল না থাকা, বিদ্যমান হাসপাতালে জনবল সংকটসহ নানা কারণে গুরুতর অসুস্থ রোগীদের কারাগারের বাইরে চিকিৎসার জন্য নিতে হয়।[৯৯] কারা হাসপাতালে তাৎক্ষণিক চিকিৎসা দেয়া গেলে হয়তো অনেক বন্দি বেঁচেও যেতে পারতেন। ফলে কারাগার থেকে হাসপাতালে নেয়ার পথে অনেক বন্দির মৃত্যু হচ্ছে।[১০০]

৩১. কারাগার থেকে আদালতে আনা-নেয়ার পথে যানজট এবং দূরত্বের কারণে ঘন্টার পর ঘন্টা বন্দিদের প্রিজন ভ্যানে থাকতে হয়। এমনকি ৭/৮ ঘন্টাও লেগে যায়। কিন্তু প্রিজন ভ্যানে টয়লেট না থাকায় বন্দিরা অসুস্থ হয়ে পড়েন। বিশেষ করে নারী বন্দিদের অবস্থা খুবই শোচনীয়। প্রিজন ভ্যানে টয়লেট না থাকার কারণে নিরাপত্তা সমস্যাও দেখা দেয়।

- গত ২৭ সেপ্টেম্বর রাস্তায় প্রিজন ভ্যান থামিয়ে বাইরে প্রস্রাব করতে নেয়ার সময় পুলিশের সহায়তায় একজন বন্দি পালিয়ে যায়।[১০১]

---

৯৭ বন্দি কারাগারে মুক্ত দুর্নীতি, বাংলাদেশ প্রতিদিন ১৬ অগাস্ট ২০২৬; https://www.bd-pratidin.com/first-page/2026/08/16/1288468

৯৮ অধিকারএর সঙ্গে সংশ্লিষ্ট কক্সবাজারের মানবাধিকার কর্মীর পাঠানো প্রতিবেদন; Odhikar-affiliated human rights defender report

৯৯ কারাগারে বন্দিমৃত্যু বাড়ছে চিকিৎসা সংকটে, আমার দেশ ১৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/special-report/amdamq44frp2s

১০০ হাসপাতালে নেওয়ার পথে মৃত্যু ৩০০ কারাবন্দীর, প্রথম আলো ৩০ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/8kf7pilk7n

১০১ প্রিজনভ্যানে টয়লেট স্থাপনের পরামর্শ কারা বিশ্লেষকদের, নয়াদিগন্ত ৩০ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailynayadiganta.com/post/other/1057410

৩২. **জুলাই- সেপ্টেম্বর পর্যন্ত এই তিন মাসে ৩০ ব্যক্তি কারাগারে মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে। এঁদের মধ্যে ২৯ জন 'অসুস্থতা' জনিত কারণে মৃত্যুবরণ করেছেন এবং ১ জন নির্যাতনের শিকার হয়ে মারা গেছেন বলে অভিযোগ রয়েছে।**

বন্দিদের হাতকড়া বা ডান্ডবেড়ি ব্যবহার

৩৩. শেখ হাসিনার শাসনমালে আইন প্রয়োগকারী সংস্থা ও কারাগার কর্তৃপক্ষ বিরোধীদলের নেতাকর্মীদরে ওপর নানা ধরণের নির্যাতন চালাতো। এরমধ্যে ভিন্নমতাবলম্বীদের শায়েস্তা করার জন্য তাঁদের কারাগারের অভ্যন্তরে ডান্ডাবেড়ি পরিয়ে রাখা এবং চিকিৎসাধীন বন্দিকে হাসপাতালে ভর্তির পর অথবা মুমূর্ষু বন্দিকে ডান্ডাবেড়ি পরিয়ে রাখা হতো। এই ধরনের ঘটনা নজরে আনা হলে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ এক আদেশে বলেন, অসুস্থ রোগীকে হাসপাতালে থাকাবস্থায় হাতকড়া ও ডান্ডাবেড়ি পরানো যাবে না। আসামি হলেও তাঁর মানবাধিকার রক্ষা করতে হবে।[১০২]

- গত ৫ অগাস্ট পটুয়াখালী জেলার কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সদস্য মিজানুর রহমান মনির খান বন্দি অবস্থায় চিকিৎসাধীন থাকাকালীন সময়ে হাসপাতালে মারা যান। মৃত্যুর সময় তাঁর ডান হাতে হাতকড়া ও দড়ি দেখা যায়।[১০৩]

সেকশন ঙ: রাজনৈতিক সহিংসতা ও অন্যান্য

রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তায়ন

৩৪. এই তিন মাসে বিএনপি ও এর সহযোগী সংগঠনের বিরুদ্ধে দুর্বৃত্তায়ন ও সহিংসতার ব্যাপক অভিযোগ পাওয়া গেছে। এই সময়ে দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি হয়। ঢাকা শহরে ক্ষমতাসীনদলের ছত্রছায়ায় প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্র নিয়ে স্টুডিও ভাঙচুর,[১০৪] বাড়িদখল,[১০৫] স্বাস্থ্যসেবা কেন্দ্র রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টার গুড়িয়ে[১০৬] দেয়া এবং চাঁদাবাজিসহ[১০৭] নানা ঘটনা ঘটে।[১০৮] রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলার সময় পুলিশের নিষ্ক্রিয়তার অভিযোগ পাওয়া গেছে।[১০৯]

---

১০২ ডান্ডাবেড়ি-হাতকড়ার বিষয়ে নীতিমালা কেন নয়: হাইকোর্ট, ৩০ জানুয়ারি ২০২৩; https://bangla.thedailystar.net/news/bangladesh/crime-justice/news-445526

১০৩ চিকিৎসাধীন বন্দিদের বেড়ি, হাতকড়া আবার আলোচনায়, সমকাল ৯ অগাস্ট ২০২৬; https://samakal.com/bangladesh/article/366819/

১০৪ গুলি ছুঁড়তে ছুঁড়তে ঢুকে ষ্টুডিও ভাঙচুর, লুটপাট, প্রথম আলো ২৭ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/crime/4vvfrnd75m

১০৫ আদাবরে বাড়ি দখলের চেষ্টা: 'বাসায় থাকিস, টাকা দিবি না' বলেই ফটকে কোপানো শুরু হয়, প্রথম আলো ২৭ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/oj4tfulqlr

১০৬ মধ্যরাতে গুঁড়িয়ে দেওয়া হলো গরিবের স্বাস্থ্যসেবা কেন্দ্র, সমকাল ২৬ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/capital/article/374724/

১০৭ দখল-চাঁদাবাজিতে রাজধানীতে আতঙ্ক, আমারদেশ ২৮ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/national/amdrktjejzqmo

১০৮ স্বাস্থ্যকেন্দ্র ও স্টুডিওতে তাণ্ডবের ঘটনায় এইচআরএসএসের নিন্দা, আমার দেশ ২৭ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/national/amdbmt4zmozpf

১০৯ স্বাস্থ্যকেন্দ্রে হামলা: ওসি ক্লোজড হলেও পার পাচ্ছেন পুলিশের উর্ধ্বতনরা, যুগান্তর ২৭ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/national/1160767

- রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলার ঘটনায় সম্পৃক্ত থাকায় বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টি প্রধানমন্ত্রীর নির্দেশে সংসদ সদস্য পদ থেকে পদত্যাগ করেন। এই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে বিএনপি ও এর সহযোগী সংগঠনের স্থানীয় ১৯ নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে।[১১০] এছাড়া বিএনপি ও এর অঙ্গ সংগঠনের ছত্রছায়ায় কিশোর গ্যাং ছিনতাই, মাদক ব্যবসাসহ[১১১] নানা ধরনের অপকর্মের সঙ্গে ব্যাপকভাবে জড়িত হয়ে পড়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।[১১২]

৩৫. এই সময়ে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা না তোলায় বাদীর ওপর হামলা[১১৩], এনসিপি নেতাকে কুপিয়ে আহত[১১৪], রাস্তায় ব্যারিকেড দিয়ে আটকিয়ে এক যুবককে হত্যা[১১৫], আদালতের এজলাস ও বিচারকের খাস কামরা[১১৬] ও থানা ভাঙচুর[১১৭], থানায় ঢুকে পুলিশ কর্মকর্তার ওপর হামলা[১১৮], ব্যবসায়ীর কাছ থেকে জোর করে চেক ও স্ট্যাম্পে সই নেয়া[১১৯], মাদ্রাসায় হামলা-লুটপাট[১২০], সরকারি জায়গা দখল করে দোকান নির্মাণ[১২১], আওয়ামী লীগ নেতার বাড়িতে হামলা চালিয়ে ভাঙচুর এবং অগ্নিসংযোগ[১২২], জমি দখল, চাঁদা দাবি ও প্রাণণাশের হুমকি[১২৩], স্বাস্থ্য কমপ্লেক্সে হামলা[১২৪], চাঁদা না পাওয়ায় ইজারাদারকে ধারালো অস্ত্র দিয়ে কোপানো,[১২৫] ফুটপাতে চাঁদাবাজি[১২৬], মাদক ব্যবসা[১২৭], আন্দোলনরত শ্রমিকদের

---

১১০ রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রে হামলা: ছাত্রদল, যুবদল নেতাসহ গ্রেপ্তার ১৯ জন, প্রথম আলো, ৪ অক্টোবর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/crime/699cng5qc3

১১১ যত গলি তত কিশোর গ্যাং কুমিল্লা নগরীতে, আমার দেশ ৩০ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/chattogram/amdf29ic9j2a7

১১২ বেপরোয়া কিশোর গ্যাং, যুগান্তর ২৪ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-firstpage/1159095
মিছিলে ছাত্রদল নেতার পেছনে কিশোর গ্যাং লিডার, যুগান্তর ২৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/country-news/1159870

১১৩ মামলা না তোলায় বাদীকে গাছে বেঁধে নির্যাতন, যুগান্তর ৩ জুলাই ২০২৬; https://www.jugantor.com/tp-city/1121592

১১৪ চট্টগ্রামে বিএনপি'র নেতার হামলায় এনসিপি নেতাসহ ৮ ব্যবসায়ী আহত, মানবজমিন ৭ সেপ্টেম্বর ২০২৬; https://www.mzamin.com/article/39190

১১৫ সাতকানিয়ায় যুবক হত্যা: বিএনপি নেতাসহ ১৩ জনের বিরুদ্ধে মামলা, খবরের কাগজ ৪ সেপ্টেম্বর ২০২৬; https://www.khaborerkagoj.com/country/935563

১১৬ আদালতের ভাঙচুরের অভিযোগ বিএনপি নেতাকর্মীদের, সমকাল ৯ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/366966/

১১৭ ওসির কক্ষে ঢোকা নিয়ে বিএনপি নেতার বাগ্‌বিতণ্ডা, ফটক ও ট্রাফিক বক্স ভাঙচুর; https://www.jugantor.com/country-news/1157883

১১৮ থানায় ঢুকে সিআইডি ইন্সপেক্টরকে কৃষকদল নেতার হামলা, পরে গ্রেফতার, ১০ অগাস্ট নয়াদিগন্ত ২০২৬; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/FBDFxW7hUvsy

১১৯ বরিশালে ব্যবসায়ীকে লাঞ্ছিত করে চেক ও স্ট্যাম্পে সই নেন যুবদল নেতা, আমার দেশ ৬ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/barisal/amdtrbz7ajs87

১২০ আশুলিয়ায় মাদ্রাসায় হামলা-লুটের ঘটনায় বিএনপি নেতাসহ ৭৪ জনের নামে মামলা; https://bangla.thedailystar.net/news/bangladesh/crime-justice/news-3965531

১২১ সদরপুরে সরকারি জায়গায় যুবদল নেতার দোকান নির্মাণ, যুগান্তর ৩০ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-bangla-face/1161929

১২২ বাড়িতে হামলা, অগ্নিসংযোগের পর আ.লীগ নেতাকে গ্রেপ্তার, সমকাল ২৭ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/whole-country/article/374878/; মোহনগঞ্জে স্বেচ্ছাসেবক দলের মিছিল শেষে হামলা-ভাঙচুর, যুগান্তর ৩০ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1161956

১২৩ খুলনায় বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে জমি দখল ও হত্যার হুমকির অভিযোগ, নয়াদিগন্ত ৪ অগাস্ট ২০২৬; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/e5YgOhBWzj4O

১২৪ স্বাস্থ্যকর্মীকে বিএনপি নেতা-কর্মীদের মারধর, যুগান্তর ৬ জুলাই ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1123065

১২৫ বরিশালে ইজারাদারকে কোপাল যুবদল নেতার লোকরা, যুগান্তর ২১ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-news/1143301

১২৬ ফুটপাতে চাঁদাবাজি, নিউমার্কেটে ছাত্রদল যুবদলের সংঘর্ষ, যুগান্তর ১২ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1139466

ওপর হামলা[১২৮], শিক্ষককে তুলে নিয়ে মারধর[১২৯], চাঁদা না দেয়ায় সাংবাদিককে মারধর[১৩০], জুলাই গণঅভ্যুত্থান দিবসের অনুষ্ঠান থেকে জুলাই যোদ্ধাদের মারধর করে বের করে দেয়া[১৩১] সহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে।

বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দল

৩৬. এই সময়ে দেশের বিভিন্ন জায়গায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি নেতাকর্মীদের মধ্যে কোন্দল দেখা দিলে সংঘর্ষের ঘটনা ঘটে। গত ১ সেপ্টেম্বর বিএনপি'র প্রতিষ্ঠা বার্ষিকীর কর্মসূচি পালনকালেও দেশের বিভিন্ন জায়গায়[১৩২] সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই সময়ে পঞ্চগড়ে বিএনপি'র দুই সংসদ সদস্যের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে আগ্নেয়াস্ত্র[১৩৩] ও হাত বোমাসহ বিভিন্ন মারণাস্ত্র ব্যবহার করতে দেখা গেছে। এই আধিপত্য বিস্তারের কারণ ছিল – মাদক ব্যবসা[১৩৪], চাঁদাবাজি[১৩৫], ড্রেজার ব্যবসা, জমি ও যানবাহন থেকে চাদা আদায় নিয়ে[১৩৬], যুবদলের নতুন কমিটি[১৩৭] ও স্কুল কমিটি গঠন নিয়ে[১৩৮], হাট-বাজার, বাস টার্মিনাল ও টেন্ডার নিয়ন্ত্রণ, বালু ব্যবসার অধিপত্য[১৩৯] এবং জলমহাল দখল[১৪০] নিয়ে । এইসব সংঘর্ষে বিএনপি'র দলীয় নেতাকর্মী[১৪১] ও সাধারণ মানুষ হতাহতের শিকার হয়েছেন।[১৪২]

---

১২৭ মাদকসহ শ্রমিকদল নেতা গ্রেফতার, যুগান্তর ২৪ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1144795

১২৮ পায়রায় আন্দোলনরত শ্রমিকদের ওপর যুবদলের নেতৃত্বে হামলার অভিযোগ, আমার দেশ ২৫ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/barisal/amdx1qu0xzrn0

১২৯ শিক্ষককে তুলে নিয়ে নির্যাতন, অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে, আমার দেশ ১৫ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/rajshahi/amd70nm8sx5bp

১৩০ লালমনিরহাটে চাঁদা না দেওয়ায় সাংবাদিককে মারধর, 'বিএনপি নেতা'র বিরুদ্ধে অভিযোগ, প্রথম আলো ১৩ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/z5rq070ssg

১৩১ জুলাই যোদ্ধাদের মারধর করে অনুষ্ঠানস্থল থেকে বের করে দিলেন বিএনপি নেতা-কর্মীরা, আমার দেশ ৬ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amdym9p3oree5

১৩২ বিএনপির ৪৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন, অস্ত্র হাতে সংঘর্ষে জড়াল নেতাকর্মীরা, সমকাল ২ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/bangladesh/article/370756/

১৩৩ বিএনপির দুই গ্রুপের দ্বন্দ্বে গুলিবিদ্ধের ৯ দিন পর ছাত্রদল নেতার মৃত্যু, আমার দেশ, ১০ আগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amdrl7kg869gk

১৩৪ চট্টগ্রামে মধ্যরাতে বিএনপির দুই গ্রুপে গোলাগুলি, যুগান্তর, ২৯ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1161303

১৩৫ চাঁদাবাজিকে কেন্দ্র করে নিউ মার্কেট এলাকায় ছাত্রদল –যুবদলের সংঘর্ষ, আমার দেশ, ১২ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/politics/bnp/amdcsri72caaq

১৩৬ বিএনপির দুপক্ষের ধাওয়া-পাল্টা ধাওয়া থানায় মধ্যরাতে অবস্থান, সমকাল, ৪ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/whole-country/article/371087/

১৩৭ দুমকিতে যুবদলের পালটাপালটি বিক্ষোভ-সংঘর্ষ, যুগান্তর ২৯ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/index.php/tp-lastpage/1146495

১৩৮ বাউফলে স্কুল কমিটি গঠন নিয়ে বিএনপি নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ, যুগান্তর, ২ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/country-news/1148736

১৩৯ বালু ব্যবসার আধিপত্য নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, আহত ৯, আমার দেশ, ৩০ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/mymensingh/amdw5e79z3ijv

১৪০ অষ্টগ্রামে বিএনপির দুগ্রুপে সংঘর্ষে আহত অর্ধশত, যুগান্তর ২৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-news/1160054

১৪১ সদরঘাটে দুই পক্ষের মারামারিতে স্বেচ্ছাসেবক দলের কর্মী নিহত, যুগান্তর ১৬ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/capital/1141006

১৪২ খুনোখুনিতে জড়িয়েছে দলের একাংশ, নিহত ৩৯ নেতাকর্মী, আমার দেশ, ১৮ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/amd08sveikb27

সংঘর্ষের সংবাদ সংগ্রহ করতে যেয়ে সাংবাদিকরাও হামলার শিকার হয়ে আহত হয়েছেন।[১৪৩]

- গত ১০ অগাস্ট শরীয়তপুর জেলার জাজিরায় রাজনৈতিক প্রভাব ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি'র দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে হাত বোমা বিস্ফোরণে মান্নান সরদার নামে ৭৫ বছর বয়স্ক একজন বিএনপি কর্মী নিহত হন। এই ঘটনায় একজনের ডান হাতের কব্জি বিচ্ছিন্নসহ উভয় পক্ষের ১০ জন আহত হন।[১৪৪]

আওয়ামী লীগের সহিংসতা ও দুর্বৃত্তায়ন

৩৭. জুলাই গণঅভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতন হলে অন্তর্বর্তী সরকার **গণহত্যা ও অন্যান্য সহিংসতার দায়ে আওয়ামী লীগ এবং এর অঙ্গসংগঠনের নেতাকর্মীদের যাবতীয় কর্মকাণ্ড আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচার সম্পন্ন না হওয়া পর্যন্ত নিষিদ্ধ ঘোষণা করে।** ২০২৬ সালের ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হলে বিএনপি ক্ষমতায় আসে এবং জাতীয় সংসদে **সন্ত্রাসবিরোধী (সংশোধনী) বিল পাশ করে আওয়ামী লীগের কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা বহাল রাখে**। আওয়ামী লীগের সাড়ে ১৫ বছরের শাসনামলে গুম, বিচারবহির্ভূত হত্যা ও নির্যাতন এবং ২০২৪ এর জুলাই গণঅভ্যুত্থানের সময় নির্বিচারে হত্যার জন্য কোন ধরনের অনুতপ্ত বা ক্ষমাপ্রার্থী না হয়ে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে আওয়ামী লীগের নেতারা হুমকিমূলক বক্তব্য দিয়ে আসছে। এছাড়া আওয়ামী লীগের সুবিধাভোগী নেতাকর্মীরা বিদেশে অবস্থান করে দেশে অবস্থানরত সাধারণ নেতাকর্মীদের বিভিন্ন সহিংসতা চালাতে উস্কানী দিচ্ছে।[১৪৫] এর ফলে দেশের বিভিন্ন জায়গায় আওয়ামী লীগের নেতাকর্মীরা অরাজকতা সৃষ্টি করছে এবং বিভিন্ন জায়গায় বোমা বিস্ফোরণ ঘটিয়েছে এবং বাস ও ট্রেনে আগুন লাগিয়েছে।[১৪৬]

- গত ১৮ সেপ্টেম্বর রাতে ঢাকার যাত্রাবাড়ী থানার সামনে একাধিক হাত বোমার বিস্ফোরণ ঘটানো হয়। এই ঘটনায় আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ত চার ব্যক্তিকে পুলিশ গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত ব্যক্তিরা জানিয়েছে, আওয়ামী লীগের শীর্ষ নেতাদের নির্দেশে তারা এই ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে।[১৪৭] গত ২৫ সেপ্টেম্বর ঢাকার যাত্রাবাড়ি থানার সামনে ককটেল বিস্ফোরণের ঘটনায় পুলিশ বিপুল পরিমান

---

১৪৩ ফেনীতে বিএনপির দুই পক্ষের সংঘর্ষ, সাংবাদিকসহ আহত অর্ধশতাধিক, আমার দেশ ৩ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/chattogram/amdrjbljaemic

১৪৪ জাজিরায় ২ পক্ষের সংঘর্ষ, ককটেল বোমায় বিএনপিকর্মী নিহত, নয়াদিগন্ত ১২ অগাস্ট ২০২৬; https://www.dailynayadiganta.com/printed-edition/olFz2dxn6S8j

১৪৫ ৩৭১ বার অরাজকতার চেষ্টা আওয়ামী লীগের , আমার দেশ ১৮ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/amd3n6ndzdgw5

১৪৬ গুলশানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল, গ্রেপ্তার ৩২, প্রথম আলো ১২ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/crime/in0iumsuxb

১৪৭ যাত্রাবাড়ী থানার সামনে ককটেল বিস্ফোরণের ঘটনায় গ্রেপ্তার ৪, দ্য বিজনেস স্ট্যান্ডার্ড ২০ সেপ্টেম্বর ২০২৬; https://www.tbsnews.net/bangla/bangladesh/news-details-541361

ককটেল তৈরির উপাদান, বিস্ফোরক সরঞ্জাম এবং ৯ হাজার কাগজের মুখোশসহ জাহিদ হাসান ইমন নামে এক যুবলীগ নেতাকে গ্রেপ্তার করে।[১৪৮]

- গত ৭ সেপ্টেম্বর জুলাই গণ-অভ্যুত্থানে অংশগ্রহণ করার কারণে ইতালিতে অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা চালায় প্রবাসী আওয়ামী লীগের নেতাকর্মীরা।[১৪৯]

অন্যান্য দলের মধ্যে সংঘাত, সহিংসতা, দুর্বৃত্তায়ন এবং দলের অভ্যন্তরীণ কোন্দল

৩৮. এই তিন মাসে জামায়াতে ইসলামী[১৫০] এবং ছাত্র অধিকার পরিষদের[১৫১] নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ পাওয়া গেছে। চাঁদাবাজির কারণে সাতক্ষীরার জামায়াতে ইসলামীর নেতা নজরুল ইসলামকে কারাগারে পাঠিয়েছে আদালত। এই সময়ে বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের সঙ্গে জামায়াতে ইসলামী[১৫২] ও ছাত্রশিবির[১৫৩] এবং জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)'র নেতা-কর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটে। এছাড়া জামায়াতে ইসলামীর সঙ্গে গণঅধিকার পরিষদের[১৫৪] নেতাকর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এই সময়ে অভ্যন্তরীণ কোন্দলের কারণে এনসিপি[১৫৫] ও গণঅধিকার পরিষদের[১৫৬] দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে।

৩৯. আবাসিক সুবিধা রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাসগুলোর নিয়ন্ত্রণ নেয়ার জন্য আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে।[১৫৭] এমনকি হাসপাতালে চিকিৎসাধীন ছাত্রশিবির ও ছাত্রশক্তির নেতাদের ওপরও হামলা চালায় ছাত্রদল।[১৫৮]

---

১৪৮ রাজধানীতে ৯ হাজার মুকোশ ও বিস্ফোরকসহ যুবরীগ নেতা গ্রেফতার, নয়াদিগন্ত ২৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailynayadiganta.com/post/other/1056360

১৪৯ ইতালিতে বাঁধনের ওপর হামলা, পাওয়া গেল হেনস্তার জড়িতদের পরিচয়, যুগান্তর ৮ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/national/1151776

১৫০ জাইকার প্রকল্পে চাঁদাবাজি, জামায়াত নেতা কারাগারে, যুগান্তর ১০ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1138724

১৫১ ছাত্র অধিকার নেতার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ, যুগান্তর ২৫ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-city/1144921

১৫২ কোম্পানীগঞ্জে বিএনপি-জামায়াত সংঘর্ষে আহত ১০, যুগান্তর ২ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-news/1134809

১৫৩ ব্যানারে ছয় নেতার ছবি নিয়ে ছাত্রদল শিবির সংঘর্ষ, যুগান্তর ৪ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1135873; বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল-শিবিরের ৫ ঘন্টা দফায় দফায় সংঘর্ষ, সমকাল ৪ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/366004/

১৫৪ Jamaat-Gono Odhikar Clash in Kushtia injures 15, NewAge 16 August,202; https://www.newagebd.net/post/politics/309999/jamaat-gono-odhikar-clash-in-kushtia-injures-156

১৫৫ কুলাউড়ায় এনসিপির দুগ্রুপে সংঘর্ষ, গ্রেপ্তার ৫, যুগান্তর ২৯ অগস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-news/1146572

১৫৬ পটুয়াখালিতে গণঅধিকার পরিষদের দুই পক্ষের সংঘর্ষ আহত ৬, সমকাল ৪ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/366131/

১৫৭ আধিপত্যের লড়াইয়ে ছাত্রদল-শিবির , সমকাল ৬ অগাস্ট ২০২৬; https://samakal.com/politics/article/366336/

১৫৮ হাসপাতালে আহত শিবির ও ছাত্রশক্তি নেতাদের ওপর হামলা, আমার দেশ ৪ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/education/campus/amdwx74z0if8s

- গত ৬ জুলাই খাগড়াছড়ি জেলার পানছড়িতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক সংগঠন ইউপিডিএফ ও পিসিজেএসএস এর নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় তিন জন নিহত হয়।[১৫৯]
- গত ৪ অগাস্ট ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা কলেজ ও আলিয়া মাদ্রাসায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রশিবিরের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে।[১৬০]

৪০. **চলতি বছরের জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত সময়ে রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ২৭ জন নিহত ও ১০৯০ জন আহত হয়েছেন। এই তিন মাসে বিএনপি'র ৪৫টি, এনসিপি'র ১টি এবং গণঅধিকার পরিষদের ১টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে। বিএনপি'র অভ্যন্তরীণ সংঘাতে ৪ জন নিহত ও ৪৮০ জন আহত ও এনসিপি'র অভ্যন্তরীণ সংঘাতে ৭ জন এবং গণঅধিকার পরিষদের ৬ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

গণপিটুনি দিয়ে হত্যা ও সহিংসতা

৪১. গত তিন মাসেও গণপিটুনি দিয়ে মানুষ হত্যার ঘটনা ঘটেছে। অধিকাংশ ক্ষেত্রে চোর সন্দেহে গণপিটুনি দিয়ে মানুষকে হত্যা করা হয়েছে।[১৬১] এছাড়া ডাকাতি[১৬২], ছিনতাই[১৬৩] এবং ছেলেধরা সন্দেহে[১৬৪] গণপিটুনি দিয়ে হত্যা করা হয়। নিহতদের মধ্যে মানসিক ভারসাম্যহীন ব্যক্তিও রয়েছেন। গণপিটুনির সবচেয়ে মারাত্মক দিক হচ্ছে, পরস্পরের শত্রুতার কারণে প্রতিপক্ষকে হত্যার জন্য গণপিটুনির মতো আবহ তৈরি করা। এই সময়ে চুরির অপবাদ দিয়ে এক গৃহবধূকে গাছে বেঁধে পেটানো হয়েছে।[১৬৫] গণপিটুনির সময় উচ্ছৃংখল জনতা অনেক হিংস্র রূপ ধারন করে।

- গত ১০ সেপ্টেম্বর সুনামগঞ্জের দোয়ারাবাজারে গরু চুরির অভিযোগে তিন ব্যক্তির ওপর উচ্ছৃংখল জনতা নির্মম সহিংসতা চালিয়ে তাদের পা ভেঙ্গে দেয় এবং চোখের মধ্যে চুন ঢেলে চোখ নষ্ট করে দেয়।[১৬৬]

---

১৫৯ খাগড়াছড়িতে ইউপিডিএফ-জেএসএস গোলাগুলি, নিহত ৩, প্রথম আলো ৬ জুলাই ২০২৬ https://www.prothomalo.com/bangladesh/district/9dhw5rge3q

১৬০ রাজধানীতে এক দিনে তিন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদল-শিবির সংঘর্ষ, প্রথম আলো ৫ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/capital/iqo5834t3m

১৬১ ঈশ্বরদীতে চুরির অভিযোগে গণপিটুনিতে যুবক নিহত, ইত্তেফাক, ৩ অগাস্ট ২০২৬; https://www.ittefaq.com.bd/802035/

১৬২ মিরপুরে গণপিটুনীতে ডাকাত নিহত, যুগান্তর ১ অগাস্ট ২০২৬

১৬৩ যাত্রাবাড়ীতে গণপিটুনিতে অজ্ঞাতনামা যুবকের মৃত্যু, আজকের পত্রিকা, ২৫ অগাস্ট ২০২৬; https://www.ajkerpatrika.com/bangladesh/dhaka/ajp9uysinehsz

১৬৪ খুলনায় ছেলেধরা সন্দেহে যুবককে পিটিয়ে হত্যা, সমকাল, ১৮ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/368447/

১৬৫ মুরগি চুরির অপবাদ দিয়ে গাছে বেঁধে নারীকে নির্যাতন, একই সঙ্গে চলল ভিডিও ধারণ, প্রথম আলো, ১৯ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/qalmn1ug3g

১৬৬ গরু চুরির অভিযোগে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন, ৩ জনের চোখ নষ্ট, যুগান্তর, ১০ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/country-news/1152796

- গত ৪ জুলাই নারায়ণগঞ্জ শহরের মাসদাইর এলাকায় দুই তরুণকে ছিনতাইকারী আখ্যা দিয়ে বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে পেটানো হয়। পরে হাসপাতালে নিলে একজন মারা যান।[১৬৭]
- গত ২০ জুলাই ঢাকার সাভারে আবুল খায়ের পাটোয়ারী নামে এক মানসিক ভারসাম্যহীন ব্যক্তিকে অটোরিক্সা চোর সন্দেহে গণপিটুনি দিয়ে হত্যা করা হয়।[১৬৮]
- গত ৩১ অগাস্ট বগুড়ায় শামিম হোসেন নামে যুবককে চোর সন্দেহে গণপিটুনি দিয়ে ও রগ কেটে হত্যা করা হয়েছে। শামীমের স্বজনরা হত্যাকাণ্ডে স্থানীয় ইউপি সদস্য সম্পৃক্ত ছিল বলে অভিযোগ করেন। হত্যার প্রতিবাদে এলাকাবাসী স্থানীয় ইউনিয়ন পরিষদের সামনে বিক্ষোভ করে।[১৬৯]
- গত ১৪ সেপ্টেম্বর কক্সবাজারের মহেশখালীতে চোর সন্দেহে মোহাম্মদ ফয়সাল (২৬) নামে এক দিনমজুরকে বৈদ্যুতিক খুঁটির সঙ্গে বেঁধে গণপিটুনি দিয়ে হত্যা করা হয়েছে। এই ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওতে দেখা যায়, রাস্তার পাশে বৈদ্যুতিক খুঁটির সঙ্গে যুবকের দুই হাত বাঁধা এবং তাঁর পিঠের ওপর ছয়-সাতটি ইট তুলে দেয়া হয়েছে।[১৭০]

৪২. **চলতি বছরের জুলাই থেকে সেপ্টেম্বরের মধ্যে ২২ জন গণপিটুনির শিকার হয়ে নিহত হন।**

সেকশন চ: নারীর অধিকার

নারীর বিদেশ যাত্রায় বাধা

৪৩. বাংলাদেশের সংবিধানের ৩৬ অনুচ্ছেদে[১৭১] নারী-পুরুষ নির্বিশেষে নাগরিকদের স্বাধীনভাবে চলাচলের অধিকারের কথা বলা আছে। সম্প্রতি প্রাপ্তবয়স্ক তিন নারী একসঙ্গে নেপালে যেতে চেয়েছিলেন। তাঁদের বৈধ পাসপোর্ট, প্রয়োজনীয় কাগজপত্র, বিমানের টিকেট ও হোটেল রির্জাভেশন ছিল। তারপরও ইমিগ্রেশন কর্তৃপক্ষ তাঁদের নেপালে যেতে দেয়নি। অবিবাহিত নারীরা কোনো অভিভাবক ছাড়াই বিদেশে যাচ্ছেন, এ নিয়ে প্রশ্ন তোলেন ইমিগ্রেশন কর্তৃপক্ষ।

---

১৬৭ নারায়ণগঞ্জে ছিনতাইকারী সন্দেহে বাসা থেকে ধরে নিয়ে যুবককে পিটিয়ে হত্যা, প্রথম আলো, ৫ জুলাই ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/xgvzdt473v

১৬৮ সাভারে চোর সন্দেহে গণপিটুনিতে মানসিক ভারসাম্যহীন যুবকের মৃত্যু, আজকের পত্রিকা, ২১ জুলাই ২০২৬; https://www.ajkerpatrika.com/bangladesh/dhaka/ajpuins3n7xrt

১৬৯ বগুড়ায় চোর সন্দেহে যুবককে পিটিয়ে ও রগ কেটে হত্যার অভিযোগ, বিডিনিউজ২৪.কম ১ সেপ্টেম্বর ২০২৬; https://bangla.bdnews24.com/samagrabangladesh/47023c7f01e8

১৭০ খুঁটিতে বাঁধা দুই হাত, পিঠে ইট দল বেঁধে পিটুনি, যুগান্তর, ১৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1155445

১৭১ Subject to any reasonable restrictions imposed by law in the public interest, every citizen shall have the right to move freely throughout Bangladesh, reside and settle in any place therein, and leave and re-enter Bangladesh (Article 36, Constitution of the People's Republic of Bangladesh).

এরপর এই তিন নারী ইমিগ্রেশন কর্তৃপক্ষের দায়িত্বে থাকা অতিরিক্ত আইজিপি'র কাছে লিখিত অভিযোগ করেন। কিন্তু অতিরিক্ত আইজিপি এই ব্যাপারে কোন উত্তর দেননি। বাধ্য হয়ে এই তিন নারী সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি রিট পিটিশন দায়ের করলে গত ২৯ সেপ্টেম্বর হাইকোর্ট বিভাগ ইমিগ্রেশন কর্তৃপক্ষের কার্যক্রম কেন আইনবহির্ভুত ঘোষণা করা হবে না, তা জানতে চেয়েছে।[১৭২]

নারী ও শিশুর ওপর সহিংসতা

৪৪. গত তিন মাসে নারী ও শিশুদের প্রতি সহিংসতা ব্যাপকভাবে বিরাজমান ছিল। বিচার ব্যবস্থার ত্রুটি এবং দীর্ঘসূত্রিতার কারণে অধিকাংশ ক্ষেত্রেই নারী ও শিশুর প্রতি সহিংসতাকারীরা রেহাই পাওয়ায় তারা আরো বেশি উৎসাহিত হয়ে আরো সহিংসতায় যুক্ত হচ্ছে। ফলে নারী ও শিশুদের প্রতি সহিংসতা বেড়েই চলেছে এবং ভিকটিমরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন।

ধর্ষণ

৪৫. জুলাই-সেপ্টেম্বর মাসে নারী ও শিশুরা ব্যাপকভাবে ধর্ষণের শিকার হয়েছেন। চলতি বছরের আট মাসে ৪,৬৫৪টি ধর্ষণ মামলা রেকর্ড হয়েছে, যা কয়েক বছরের মধ্যে সর্বোচ্চ। যদিও মামলার সংখ্যার চেয়ে প্রকৃত ধর্ষণের ঘটনা অনেক বেশি। তদন্তে অধিকাংশ ঘটনার সঙ্গে রাজনৈতিক দলের নেতাকর্মীদের সম্পৃক্ততা পেয়েছে পুলিশ।[১৭৩]

৪৬. এই সময়ে প্রতিবন্ধী নারী ধর্ষণের শিকার হয়েছেন[১৭৪] এবং ধর্ষণের পর শিশুকে হত্যা করা হয়েছে।[১৭৫] মাদারীপুরের শিবচরে মাকে ধর্ষণের পর তাঁর ১ বছরের শিশু সন্তানসহ তাঁকে হত্যা করে নদীতে ফেলে দেয়া হয়।[১৭৬] মেয়ের সহপাঠীকে ধর্ষণের পর হত্যা[১৭৭] এবং সন্তানদের জিম্মি করে দুই গৃহবধূকে ধর্ষণ করা হয়েছে।[১৭৮] ঠাকুরগাঁওয়ে[১৭৯] ও ফরিদপুরে[১৮০] স্কুলছাত্রীকে অপহরণ করে ধর্ষণ করা হয়েছে। ঠাকুরগাঁওয়ে কন্যার ধর্ষণের বিচার না পেয়ে পিতা আত্মহত্যা করেছেন।[১৮১] এই সময়ে ধর্ষণের শিকার হয়েছেন প্রতিবন্ধী তরুণী[১৮২] ও দুই

---

১৭২ অবিাহিত নারী বিদেশে গেলে পুলিশের কি সমস্যা, প্রথম আলো, ১ অক্টোবর ২০২৬; https://www.prothomalo.com/opinion/column/6c3oa0rcl5

১৭৩ বাড়ছে ধর্ষণ মামলা, মিলছে রাজনৈতিক সম্পৃক্ততা, বিডিটুডে ২৯ সেপ্টেম্বর ২০২৬; https://bdtoday.net/national/142820

১৭৪ সিলেটে গৃহবধু ডোমারে প্রতিবন্ধিকে সংঘবদ্ধ ধর্ষণ, যুগান্তর ২২ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1143603

১৭৫ ধর্ষণে প্রাণ গেল ছয় বছরের শিশুর, যুগান্তর ২৬ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1159972

১৭৬ ধর্ষণের পর মাকে হত্যা শিশুকে মেরে নদীতে, যুগান্তর, ২২ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1143608

১৭৭ মেয়ের সহপাঠীকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যা, প্রথম আলো ১৫ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/3qfqsp2yi3

১৭৮ পাংশায় সন্তানকে জিম্মি করে গৃবধুকে ধর্ষণের অভিযোগ, সমকাল ৪ জুলাই ২০২৬, দুই শিশুকে জিম্মি করে নারীকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ, সমকাল ৬ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/360507/

১৭৯ বখাটেদের নির্যাতন সইতে না পেরে বাবার আত্মহত্যা, যুগান্তর ৭ জুলাই ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1123368

১৮০ সদরপুরে স্কুলছাত্রীকে বাড়ি থেকে তুলে নিয়ে সংঘবদ্ধ ধর্ষণ, যুগান্তর ১ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-city/1134342

১৮১ বখাটেদের নির্যাতন সইতে না পেরে বাবার আত্মহত্যা, যুগান্তর ৭ জুলাই ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1123368

১৮২ প্রতিবন্ধী নারীকে ধর্ষণ মামলার পলাতক আসামি গ্রেফতার, ঢাকা মেইল ৬ সেপ্টেম্বর ২০২৬; https://dhakamail.com/country/327622

নৃত্যশিল্পী।[১৮৩] ধর্ষণের অভিযোগে এক এনসিপি নেতাকে[১৮৪] এবং একজন ছাত্রদল নেতাকে[১৮৫] পুলিশ গ্রেপ্তার করেছে। নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে এক প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের পর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইল করার ও প্রাণনাশের হুমকি দেয়ার অভিযোগ পাওয়া গেছে।[১৮৬]

৪৭. ধর্ষণের ঘটনায় সালিস বা মীমাংসা রোধে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দিলেও সালিশের মাধ্যমে ধর্ষণের ঘটনা মীমাংসা করে মোটা অংকের টাকা উপার্জন করছে স্থানীয় প্রভাবশালী ও রাজনৈতিক নেতারা।[১৮৭] নেত্রকোনা সদর উপজেলায় এক স্কুল ছাত্রীকে (১৪) ধর্ষণ করে কনটেন্ট ক্রিয়েটার রিপন মিয়া। এই ঘটনায় কোনো মামলা দায়ের না করে বিএনপি'র স্থানীয় কার্যালয়ে সালিশের মাধ্যমে বিষয়টি সুরাহা করা হয়।[১৮৮] ধর্ষণের মতো ঘটনায় ভিকটিম ও তাঁর পরিবারের ন্যায় বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব।

৪৮. **এই তিন মাসে ২২৩ জন নারী ও শিশু ধর্ষণের শিকার হয়েছেন। এঁদের মধ্যে ১৫০ জন মেয়ে শিশু এবং ৭৩ জন নারী। ঐ ৭৩ জন নারীর মধ্যে ২৩ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ৫ জন ধর্ষণের পর হত্যার শিকার হয়েছেন। ১৫০ জন মেয়ে শিশুর মধ্যে ২১ জন গণধর্ষণের শিকার হয়েছেন এবং ৫ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে।**

যৌন হয়রানি/উত্যক্তকরণ

৪৯. এই সময়ে বিভিন্ন শ্রেণী ও পেশার পুরুষ কর্তৃক নারীরা যৌন হয়রানির শিকার হয়েছেন। ফেনীতে স্ত্রীকে উত্যক্তের প্রতিবাদ করায় স্বামীকে হত্যা করা হয়েছে[১৮৯] এবং বগুড়ার ধুনটে মেয়েকে উত্যক্ত করার প্রতিবাদ করায় বাবাকে মারধর করা হয়েছে।[১৯০] রাজশাহীতে ৯ বছরের এক শিশুকে এক জামায়াতে ইসলামী নেতা কর্তৃক যৌন হয়রানির[১৯১] এবং পটুয়াখালীতে এক বিএনপি নেতার বিরুদ্ধে এক তরুণীকে উত্যক্ত[১৯২] করার অভিযোগ পাওয়া গেছে।

---

১৮৩ বিয়ের অনুষ্ঠানের কথা বলে ডেকে নিয়ে দুই নৃত্যশিল্পীকে মাঝনদে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ, প্রথম আলো ১২ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/mefsuo9ccv

১৮৪ চট্টগ্রামে ধর্ষণ মামলায় এনসিপি নেতা গ্রেপ্তার, দল থেকে বহিষ্কার, সমকাল, ২৩ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/364082

১৮৫ ধর্ষণ মামলায় চৌগাছা সরকারি কলেজ ছাত্রদল নেতা গ্রেফতার, যুগান্তর ১ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1134743

১৮৬ প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের পর ভিডিও ধারণ করে ব্ল্যাকমেইলিং, যুগান্তর ৩১ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1147925

১৮৭ ইউপি সদস্যের মধ্যস্থতায় সালিশ, ৯০ হাজার টাকায় ধর্ষণের অভিযোগের 'মিমাংসা', প্রথম আলো ১ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/n5v0ncowbj

১৮৮ কনটেন্ট ক্রিয়েটর রিপন মিয়ার বিরুদ্ধে স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ, বিএনপির কার্যালয়ে সালিস, প্রথম আলো ৪ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/yu0e8ut3po

১৮৯ স্ত্রীকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় স্বামীকে ছুরিকাঘাতে হত্যা, যুবক গ্রেফতার, নয়াদিগন্ত ২৯ জুলাই ২০২৬; https://dailynayadiganta.com/bangladesh/country-news/mOb3qZulu8xB

১৯০ ধুনটে মেয়েকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় বাবাকে মারধর, আমার দেশ , ৫ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/rajshahi/amdrh7152dgpc

১৯১ রাজশাহীতে ৯ বছরের শিশুকে যৌন হয়রানীর অভিযোগ, জামায়াত নেতা গ্রেপ্তার, প্রথম আলো ১ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/ywz1mqbe0d

১৯২ পটুয়াখালীতে তরুণীকে উত্ত্যক্ত করার অভিযোগে বিএনপি নেতাকে পুলিশে সোপর্দ, প্রথম আলো, ১৫ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/vydo1fnz5t

- গত ১৯ অগাস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ে চারুকলা অনুষদের তিন ছাত্রীকে ক্যাম্পাসে কটূক্তি ও অশালীন মন্তব্য করে বহিরাগত কয়েক ব্যক্তি। এর প্রতিবাদ করায় ছাত্র ইউনিয়নের নেতাকর্মীদের ওপর বহিরাগতরা হামলা চালালে তিন জন আহত হন। বহিরাগতরা ছাত্রদলের মিছিলে অংশ নিতে ক্যাম্পাসে এসেছিলো।[১৯৩]

৫০.**এই তিন মাসে মোট ১০ জন নারী ও মেয়ে শিশু যৌন হয়রানির (উত্যক্তকরণ) শিকার হয়েছেন। এছাড়া নারীর ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে ১ জন পুরুষ নিহত হন।**

যৌতুক সহিংসতা

৫১.এই প্রতিবেদনকালীন সময়ে যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা অব্যাহত ছিল। ২০ লক্ষ টাকা যৌতুকের দাবিতে হুমকি দেয়ায় গৃহবধূর বাবা আত্মহত্যা করেছেন।[১৯৪] এই সময়ে যৌতুক না পাওয়ায় এক গৃহবধূকে হাতুড়ি দিয়ে পিটিয়ে হত্যা[১৯৫] এবং তিনজনকে শ্বাসরোধ করে[১৯৬] হত্যা করা হয়েছে। হত্যা ও সহিংসতার শিকার নারীদের মধ্যে একজন অন্তঃসত্ত্বা নারীও ছিলেন।[১৯৭]

- গত ১৫ অগাস্ট জয়পুরহাটের কালাইয়ে যৌতুকের টাকা না দেয়ায় গৃহবধূ মাছুদা বেগমের ওপর তাঁর স্বামী মেহেদী হাসান ব্যাপক সহিংসতা চালায়। গত ২১ অগাস্ট গুরুতর আহত মাছুদা বেগম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[১৯৮]

৫২.**এই তিন মাসে মোট ২৬ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন। এরমধ্যে ৮ জন নারীকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে, ১৪ জন বিভিন্নভাবে নিপীড়নের শিকার হয়েছেন এবং যৌতুক সহিংতার নিপীড়ন সহ্য করতে না পেরে ৪ জন নারী আত্মহত্যা করেন।**

সেকশন ছ: শ্রমিকদের অধিকার

আনুষ্ঠানিক খাতে নিয়োজিত শ্রমিকদের অবস্থা

৫৩. এই সময়ে তৈরি পোশাক শিল্প কারখানাগুলোতে জ্বালানীর তীব্র সংকট দেখা দেয়ায় অনেক কারখানা বন্ধ হয়ে গেছে।[১৯৯] এছাড়া কিছু কারখানায় শ্রমিকদের বেতন কয়েক মাস ধরে

---

১৯৩ তিন ছাত্রীকে 'কটূক্তি' প্রতিবাদ করায় হামলার অভিযোগ , প্রথম আলো ২০ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/capital/w3a6pah402

১৯৪ মেয়েকে তুলে নিয়ে বিয়ের পর ২০ লাখ টাকা দাবির অভিযোগ, হুমকি-অপমানে বাবার 'আত্মহত্যা' সমকাল ৫ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/360788/

১৯৫ হাতুড়ি দিয়ে পিটিয়ে স্ত্রীকে হত্যা করে থানায় স্বামীর আত্মসমর্পন, যুগান্তর ২ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1135183

১৯৬ মাদারীপুরে যৌতুকের দাবিতে গৃহবধূকে শ্বাসরোধে হত্যা, নয়াদিগন্ত ১৫ সেপ্টেম্বর ২০২৬; https://dailynayadiganta.com/bangladesh/country-news/BM3hp2O93HOU

১৯৭ মিরপুরে অন্তঃসত্ত্বা গৃহবধূর শরীরে আগুন, ১১ দিন পর মৃত্যু, সমকাল ৬ জুলাই ২০২৬; https://samakal.com/capital/article/360816/

১৯৮ উচ্চশব্দে গান ছেড়ে ভাঙা হয় দাঁত, শরীরে ছ্যাঁকা, যুগান্তর ২৩ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/tp-lastpage/1144007

১৯৯ বিদ্যুৎ সংকট ও খরচ বৃদ্ধি, বিপর্যয়ের মুখে বাংলাদেশের তৈরি পোশাক শিল্প, মানবজমিন ৭ জুলাই ২০২৬; https://www.mzamin.com/article/26819

বকেয়া রাখা হয়েছে।[২০০] ফলে চাকরি হারিয়ে এবং বেতন না পাওয়ায় শ্রমিকরা মানবেতর জীবন যাপন করছেন। এরমধ্যে আশুলিয়ায় পোশাক কারখানায় অগ্নিকাণ্ডে শ্রমিক নিহত হওয়ার ঘটনা ঘটেছে এবং ঢাকার সাভারের অ্যালায়েন্স নিট কম্পোজিট নামে এক পোশাক কারখানায় ছুটির মধ্যে ৫৬৫ জন শ্রমিককে ছাঁটাই করেছে কারখানা কর্তৃপক্ষ।[২০১]

- চট্টগ্রামের কর্ণফুলীতে বিএলপি ওয়ার্ম ফ্যাশন লিমিটেডের শ্রমিকরা বকেয়া বেতন পরিশোধের দাবিতে গত ১২ অগাস্ট বিক্ষোভ করেন।[২০২]
- গত ২০ সেপ্টেম্বর ঢাকার আশুলিয়ার জামগড়ে প্রীটি গ্রুপের একটি পোশাক কারখানায় আগুন লেগে ১ নারীসহ ৭ জন নিহত ও ১৫ জন আহত হন। কারখানায় কাভার্ড ভ্যান থেকে গ্যাস সিলিন্ডার আনলোড করার সময় একটি সিলিন্ডার বিস্ফোরিত হলে এই ঘটনা ঘটে।[২০৩]



আশুলিয়ার জামগড়ে প্রীটি গ্রুপের একটি পোশাক কারখানায় আগুনের দৃশ্য। ছবি: আমার দেশ, ২১ সেপ্টেম্বর ২০২৬

অনানুষ্ঠানিক খাতে নিয়োজিত শ্রমিকদের অবস্থা

৫৪. ২০২৬ সালের জুলাই-সেপ্টেম্বর সময়ে অন্যান্য খাতে নিয়োজিত শ্রমিকরাও কাজ করতে যেয়ে নিহত হয়েছেন। তাঁদের মধ্যে রয়েছেন নির্মাণ শ্রমিক[২০৪], বিদুৎ শ্রমিক[২০৫], সেপটিক ট্যাংক পরিচ্ছন্নতাকারী শ্রমিকসহ অন্যান্য পেশায় নিয়োজিত শ্রমিকরা। এছাড়া বিনা নোটিশে শ্রমিকদের চাকুরিচ্যুতির ঘটনাও ঘটেছে।[২০৬]

- গত ১৬ জুলাই চট্টগ্রামের বোয়ালখালীতে কনফিডেন্স লবন কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই ঘটনায় ১১ জন শ্রমিক আগুনে দগ্ধ হন। এরমধ্যে দুই

২০০ আশুলিয়ায় বকেয়া বেতনের দাবিতে শ্রমিক সমাবেশ, যুগান্তর ৩ সেপ্টেম্বর ২০২৬; https://www.jugantor.com/tp-second-edition/1149163

২০১ আশুলিয়ায় ছুটির মধ্যেই ৫৬৫ শ্রমিক ছাঁটাই, মানবজমিন, ৯ অগাস্ট ২০২৬; https://mzamin.com/article/33063

২০২ কর্ণফুলীতে সোয়েটার কারখানায় শ্রমিক অসন্তোষ, আমার দেশ ১২ অগাস্ট ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/chattogram/amd8vo2p1yqdb

২০৩ সাভারে পোশাক কারখানায় অগ্নিকাণ্ডে নিহত ৭, আমার দেশ ২১ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd250ee94zgq

২০৪ সেপটিক ট্যাংকের দেয়াল ধসে নির্মাণ শ্রমিকের মৃত্যু, যুগান্তর ১ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1134663

২০৫ বিদুৎতের লাইন মেরামতের সময় বিদ্যুস্পর্শে ২ শ্রমিকের মৃত্যু, যুগান্তর ৫ জুলাই ২০২৬; https://www.jugantor.com/country-news/1122723

২০৬ শ্রমিক অসন্তোষে বন্ধ কারখানা, বিনা নোটিশে ৩৩০ জন ছাঁটাই, সমকাল ১৮ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/363272/

জন শ্রমিক চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[২০৭]

- গত ১৮ জুলাই ময়মনসিংহের ভালুকায় এক্সিলেন্ট সিরামিকস নামে একটি কারখানার বর্জ্য পরিশোধনাগারের প্ল্যান্টের গভীর ট্যাংকে নেমে পরিস্কার করার সময় দুই জন শ্রমিক মারা যান।[২০৮]
- গত ১৪ অগাস্ট চট্টগ্রামের সীতাকুণ্ডে ফেরদৌস স্টিল শিপব্রেকিং ইয়ার্ড ও রিসাইক্লিং নামের একটি জাহাজ ভাঙ্গা কারখানায় স্ক্র্যাপ জাহাজ কাটার সময় 'বিষাক্ত গ্যাসে' ৯ জন শ্রমিক নিহত এবং ৩০ জন আহত হন। কারখানা কর্তৃপক্ষ ট্যাংক গ্যাসমুক্ত না করে কাটার কারণে এই দুর্ঘটনা ঘটে।[২০৯] এই দুর্ঘটনার পর সরকার শিল্প মন্ত্রণালয় ও বুয়েটের বিশেজ্ঞদের নিয়ে পৃথক তদন্ত কমিটি গঠন করে। বুয়েটের তদন্ত প্রতিবেদন থেকে জানা যায়, চট্টগ্রামের সীতাকুণ্ডের ভাটিয়ারিতে জাহাজের ট্যাঙ্ক পরীক্ষা না করেই সনদ দিয়েছিল বিস্ফোরক অধিদপ্তর।[২১০] অথচ শিল্প মন্ত্রণালয়ের তদন্ত কমিটি ইয়ার্ড মালিকের গাফিলতির বিষয়টি উল্লেখ করলেও সরকারি সংস্থাগুলোর তদারকিতে গাফিলতির বিষয় উল্লেখ করেনি।[২১১]

৫৫.শিশু শ্রম অব্যাহত রয়েছে। ময়মনসিংহের ভালুকায় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে কঠিন ও ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত আছে ১১-১৪ বছরের শিশু শ্রমিকরা।[২১২]

- গত ৫ অগাস্ট মাদারীপুরের একটি কারখানায় রাসায়নিক ড্রাম খোলার সময় বিস্ফোরণে মোহাম্মদ নজরুল ইসলাম নামে ১৪ বছরের এক শিশু শ্রমিক নিহত হয়।[২১৩]

সেকশন জ: বাংলাদেশ-ভারত সম্পর্ক

৫৬. কর্তৃত্ববাদী শেখ হাসিনা সরকারের পতন হওয়ার পর থেকেই ভারতীয় শাসকগোষ্ঠী বাংলাদেশের স্থিতিশীলতা বিনষ্ট করার জন্য নানা ধরনের তৎপরতা চালিয়ে যাচ্ছে এবং রাজনৈতিক ও অর্থনৈতিক আগ্রাসন চালানোর জন্য সীমান্তে অস্থিরতা জিইয়ে রাখছে। বাংলাদেশে গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং মানবতাবিরোধী অপরাধের সঙ্গে জড়িত বাংলাদেশ সেনাবাহিনীর বরখাস্তকৃত লেফটেন্যান্ট জেনারেল মো. মুজিবর রহমান, লেফটেন্যান্ট জেনারেল (অব.) আকবর হোসেন এবং মেজর জেনারেল কবির আহমেদ ২০২৪ এর গণঅভ্যুত্থানের পর ভারত সরকার তাদের সুরক্ষিত সেনা আবাসিক এলাকায়

---

২০৭ চট্টগ্রামের লবণ ফ্যাক্টরিতে অগ্নিদগ্ধ ২ শ্রমিকের মৃত্যু, যুগান্তর ১৭ জুলাই ২০২৬; https://www.jugantor.com/country-news/1128063

২০৮ ইটিপির ট্যাংকে নেমে শ্রমিকের ছটফট, বাঁচাতে গিয়ে আরেকজনের একই অবস্থা, পরে মৃত ঘোষণা, প্রথম আলো ১৮ জুলাই ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/qhfrngd8xk

২০৯ বিষাক্ত গ্যাসে '৯ শ্রমিকের মৃত্যু, প্রথম আলো ১৭ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/uv4lojvm8h

২১০ ট্যাঙ্ক পরীক্ষা না করে সনদ দিয়েছিলো বিস্ফোরক অধিদপ্তর, সমকাল ৫ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/whole-country/article/371318/

২১১ সরকারী সংস্থার দায় পায়নি কমিটি, তদন্ত নিয়ে প্রশ্ন, প্রথম আলো ৩ সেপ্টেম্বর ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/n0pv0obyig

২১২ ভালুকায় অল্প বেতনে খাটছে শিশু শ্রমিক, আমার দেশ ৪ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/mymensingh/amd63jpxlq5ia

২১৩ মাদারীপুরে রাসায়নিক ড্রাম বিস্ফোরণে শিশু শ্রমিক নিহত, সমকাল ৬ অগাস্ট ২০২৬; https://samakal.com/whole-country/article/366379/

বসবাস করার ব্যবস্থা করে দিয়েছে।[২১৪] এছাড়া ফৌজদারী অপরাধে অভিযুক্ত পলাতক আওয়ামী লীগের নেতারা ভারতে বসে প্রতিনিয়ত বাংলাদেশের বিরুদ্ধে বিষোদগার করছে। জুলাই গণঅভ্যুত্থানের ২য় বার্ষিকীর দিনে গত ৫ অগাস্ট মানবতাবিরোধী অপরাধের দায়ে বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক ফাঁসির দণ্ডপ্রাপ্ত ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দিল্লিতে সংবাদ সম্মেলনে বক্তব্য দেয়ার সুযোগ করে দেয় ভারত সরকার। এই ধরনের কর্মকাণ্ডকে প্রশ্রয় দেয়ার মাধ্যমে ভারতীয় শাসকগোষ্ঠী বাংলাদেশের সার্বভৌম মর্যাদার ওপর হুমকি সৃষ্টি করছে বলে বলে *অধিকার* মনে করে।

বিএসএফ কর্তৃক হত্যা ও নির্যাতন

৫৭. এই তিন মাসেও ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ) সীমান্তে বাংলাদেশী নাগরিকদের হত্যা নির্যাতন অব্যাহত রাখে।

- গত ৭ অগাস্ট মৌলভীবাজারের কূলাউড়া সীমান্তে তারা মিয়া (৩০) নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করে।[২১৫]
- গত ৩০ অগাস্ট হবিগঞ্জের চুনারুঘাট উপজেলার আহম্মাদাবাদ ইউনিয়নের চিমটিবিল সীমান্ত এলাকায় সোহাগ মিয়া (২০) নামে এক বাংলাদেশী তরুণকে গুলি করে হত্যা করে।[২১৬]
- গত ১২ সেপ্টেম্বর ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ সীমান্তে আসাদুজ্জামান রিপন (৩৩) নামে একজন বাংলাদেশী নাগরিককে বিএসএফ সদস্যরা গুলি করে হত্যা করে। একই ঘটনায় আরো দুইজন বাংলাদেশী গুলিবিদ্ধ হয়ে আহত হন।[২১৭]
- গত ৪ সেপ্টেম্বর ফেনী সীমান্তের শূণ্য রেখার কাছে নিজ জমিতে কাজ করার সময় বিএসএফের গুলিতে মোশাররফ হোসেন নামে এক বাংলাদেশী কৃষক গুরুতর আহত হন।[২১৮]

৫৮. সীমান্তে হত্যাকাণ্ড ছাড়াও বিএসএফ[২১৯] সীমান্তে কাঁটাতারের বেড়া[২২০] ও সিমেন্টের খুঁটি[২২১] নির্মাণের চেষ্টা করেছে এবং বাংলাদেশের অভ্যন্তরে এসে বিএসএফ গুলি ছুঁড়ে বাংলাদেশী

---

২১৪ পলাতক ৩ জেনারেল এখন কলকাতার সেনা এলাকায়, আমার দেশ ৬ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/amar-desh-special/special-report/amdthtadjavjz

২১৫ মৌলভীবাজার সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাশি তরুণ নিহত, প্রথম আলো ১০ অগাস্ট ২০২৬; https://www.prothomalo.com/bangladesh/district/2bdrkcvawa

২১৬ বিএসএফর গুলিতে বাংলাদেশি যুবক নিহত, যুগান্তর ৩০ অগাস্ট ২০২৬; https://www.jugantor.com/country-news/1147304

২১৭ ঠাকুরগাঁও সীমান্তে বিএসএফের গুলিতে নিহত বাংলাদেশির মরদেহ হস্তান্তর, সমকাল, ১৪ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/rangpur/article/372753/

২১৮ ফেনী সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি কৃষক গুলিবিদ্ধ, আমার দেশ ৫ সেপ্টেম্বর ২০২৬; https://www.dailyamardesh.com/bangladesh/amdvnfj8six34

২১৯ কুমিল্লা সীমান্তে নারী শিশুসহ চারজনকে পুশইনের চেষ্টা, সমকাল ২৭ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/364644/, Indian national among 5 pushed into Bangladesh, নিউ এইজ, ২০ অগাস্ট ২০২৬; https://www.newagebd.net/post/foreign-affairs/310476/indian-national-among-5-pushed-into-bangladesh

২২০ পাটগ্রাম সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে বিজিবি-বিএসএফ উত্তেজনা, নয়াদিগন্ত ২২ জুলাই ২০২৬; https://dailynayadiganta.com/printed-edition/AWtd6d4hVZXC

নাগরিকদের বালু ও পাথর উত্তোলন কাজে ব্যবহৃত ৪টি নৌকা নিয়ে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে।[২২২]

অবৈধ পুশইন

৫৯. আন্তর্জাতিক শরণার্থী আইন এবং মানবাধিকার সনদের অন্যতম প্রধান ও অলঙ্ঘনীয় ভিত্তি হলো 'অপ্রত্যাবর্তন (নন-রিফোলমেন্ট) নীতি'। এই আন্তর্জাতিক নীতি লঙ্ঘন করে গত তিন মাসে ভারতীয় শাসকগোষ্ঠী উস্কানীমূলকভাবে ভারতের অভ্যন্তর থেকে বাংলাভাষী মানুষদের বাংলাদেশে পুশইন করেছে। বিএসএফ যাঁদের পুশইন করার জন্য সীমান্তে নিয়ে আসে, তাঁদের মধ্যে অনেক নারী-শিশু ও বৃদ্ধও ছিলেন।

- ভিসা নিয়ে বাংলাদেশে ভ্রমন করার পরও বাংলাদেশী সন্দেহে লিপিকা পাল নামে এক ভারতীয় নাগরিককে ভারতে ফেরার সময় ভারতীয় ইমিগ্রেশন কর্তৃপক্ষ পুশইন করার চেষ্টা করেছে। কিন্তু বেনাপোলে বাংলাদেশ ইমিগ্রেশন কর্তৃপক্ষ ও বিজিবি তা প্রত্যাখান করলে ভারতীয় পেট্রাপোল ইমিগ্রেশন পুলিশ তাঁকে আবার নিজেদের হেফাজতে নেয়।[২২৩]
- ভারতীয় নাগরিক দানেশ শেখের পরিবারকে আটক করে দিল্লি পুলিশ তাঁদের কাছে তিন লক্ষ টাকা ঘুষ চায়। কিন্তু তাঁদের পক্ষে তা দেয়া সম্ভব না হওয়ায় গত ২৬ জুন তঁদেরসহ মোট ৭০ জনকে আসামের ধুবড়ির কাছে বাংলাদেশ সীমান্তবর্তী কুড়িগ্রামে নিয়ে যাওয়া হয়। সেখানে গভীর রাতে সীমান্তে বিএসএফ তাঁদের গুলি করার ভয় দেখিয়ে সীমান্ত পার হয়ে বাংলাদেশের চলে যেতে বলে। ভয়ে পরিবারের নারী ও শিশুদের নিয়ে ক্ষুধা তৃষ্ণায় কাতর হয়ে দু'দিন পায়ে হেঁটে বাংলাদেশের কুড়িগ্রামের একটি গ্রামে এসে পৌঁছান তাঁরা। কিন্তু পরবর্তীতে বিজিবি খবর পেয়ে তাঁদের পুশব্যাক করলে বিএসএফ তাঁদের আটক করে তাঁদের ওপর নির্যাতন চালায়। এই সময় দানেশের অন্তঃসত্ত্বা স্ত্রী ও ছেলেও নির্যাতনের হাত থেকে রেহায় পাননি। তাঁদের অস্ত্রের মুখে পুনরায় বাংলাদেশে পুশইন করা হয় এবং দানেশের পরিবার বহু কষ্টে সীমান্ত পার হয়ে ঢাকা এসে পৌঁছান। এরপর তাঁরা বাংলাদেশের পুলিশের হাতে গ্রেফতার হয়ে কারাগারে যান এবং তিন মাস দশ দিন জেল খাটার পর দানেশের স্ত্রী ও সন্তান জামিনে মুক্ত হন।[২২৪]

৬০. **জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত বিএসএফ'র গুলিতে ৪ জন বাংলাদেশী নাগরিক নিহত এবং ৬ জন আহত হয়েছেন। এই সময়ে ২৯ জন বাংলাভাষী মানুষকে বিএসএফ বাংলাদেশে পুশইন করে।**

---

২২১ পাটগ্রাম সীমান্তে সিমেন্টের খুঁটি স্থাপনের চেষ্টা বিএসএফের, পিছু হটল বিজিবির বাধায়, সমকাল ২১ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/363813/

২২২ গুলি ছুড়ে বাংলাদেশিদের নৌকা নিয়ে গেছে বিএসএফ, সমকাল ১১ সেপ্টেম্বর ২০২৬; https://samakal.com/whole-country/article/372224/

২২৩ বাংলাদেশি সন্দেহে ভারতীয় নারীকে নোম্যান্সল্যান্ডে আটকে রাখার অভিযোগ, সমকাল, ১৫ জুলাই ২০২৬; https://samakal.com/whole-country/article/362536/

২২৪ পিছনে তাকালে গুলি, যেভাবে অন্ধকারে পুশইন করে বিএসএফ, আমার দেশ, ১০ জুলাই ২০২৬; https://www.dailyamardesh.com/world/india/amdxbmgwe6mvh

সেকশন ঝ: সুপারিশসমূহ:

১. আইন সংশোধনের মাধ্যমে গুমের অভিযোগ তদন্ত করার ক্ষমতা শৃঙ্খলা বাহিনীর হাতে না দিয়ে স্বাধীন জাতীয় মানবাধিকার কমিশনের হাতে ন্যস্ত করতে হবে। গুমের শিকার যেসব ব্যক্তি এখনও ফিরে আসেননি, তাঁদের স্ত্রী-সন্তানরা যাতে গুম হওয়া ব্যক্তির ব্যাংক হিসাব পরিচালনাসহ স্থাবর ও অস্থাবর সম্পত্তি ব্যবহার ও হস্তান্তর করতে পারেন সে ব্যবস্থা করতে হবে। গুমের শিকার ব্যক্তিদের বিরুদ্ধে চলমান মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহার করতে হবে।

২. প্যারিস নীতিমালার আলোকে জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০২৬ সংশোধন করতে হবে।

৩. বর্তমান সরকারের আমলে সংঘটিত দুটি গুমের ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে এবং সরকারকে গুমের শিকার মিরাজ শেখের সন্ধান দিতে হবে।

৪. বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্যাতন এবং অমানবিক ঘটনাগুলোর সঙ্গে জড়িত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সদস্যদের বিচারের আওতায় আনতে হবে।

৫. নির্যাতনের ক্ষেত্রে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর প্রয়োগ নিশ্চিত করতে হবে এবং জাতিসংঘের কনভেনশন এগেইনস্ট টর্চারের ঐচ্ছিক প্রটোকল বাস্তবায়নসহ জাতীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. রাজনৈতিক দলগুলোকে সহিংসতা ও দুর্বৃত্তায়ন বন্ধ করে গণতান্ত্রিক পথে দেশকে এগিয়ে নিতে সচেষ্ট থাকতে হবে।

৭. কারা কর্মকর্তাদের অনিয়ম-অবহেলা-দুর্নীতির অভিযোগ তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অসুস্থ বন্দিদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে হবে। অসুস্থ বন্দিদের হাতকড়া ও ডান্ডাবেড়ি পরানো বন্ধ করতে হবে।

৮. মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। সাংবাদিকদের বিরুদ্ধে দায়ের করা সমস্ত হয়রানিমূলক মামলা প্রত্যাহার করতে হবে এবং তাঁদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখিন করতে হবে। মতপ্রকাশের কারণে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দেয়া চলবে না।

৯. সভা-সমাবেশের ওপর বিধিনিষেধ ও হামলা বন্ধ করতে হবে।

১০. বিশেষ ক্ষমতা আইন, ১৯৭৪ এবং সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯ সহ সমস্ত নিবর্তনমূলক এবং প্রস্তাবিত সাইবার সুরক্ষা (সংশোধন) আইনের নিবর্তনমূলক ধারাগুলো বাতিল করতে হবে।

১১. ধর্ষণসহ নারী ও শিশুদের প্রতি সব ধরনের সহিংসতা বন্ধে সালিশি নিষ্পত্তি নিষিদ্ধ করতে হবে এবং যথাযথ তদন্তের মাধ্যমে অপরাধীদের বিচার নিশ্চিত করতে হবে।

১২. ভারত-বাংলাদেশ সীমান্তে বাংলাদেশী নাগরিকদের হত্যা-নির্যাতন এবং ভারতীয় নাগরিকদের বাংলাদেশে পুশইন বন্ধে সরকারকে দ্রুত জোরালো পদক্ষেপ নিতে হবে।